রেজিস্টার্ড নং ডিএ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৭, ২০১৪

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

### বাংলাদেশ সুপ্রীম কোর্ট

### হাইকোর্ট বিভাগ, ঢাকা

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ১৪ জুলাই ২০১৪

**নং ১৫২ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অবসর-উত্তর ছুটি ভোগরত সুপারিনটেনডেন্ট জনাব মোঃ মোসাইদ হোসেন-কে তাহার আবেদনের প্রেক্ষিতে অত্র কোর্টের বিজ্ঞপ্তি নং ৭৪ জি, তারিখ ২৮-০৪-২০১৪ এর মাধ্যমে তাহাকে ৩১-০৫-২০১৪ হইতে ৩০-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ০১-(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হইয়াছে। উক্ত অবসর-উত্তর ছুটির অতিরিক্ত অবশিষ্ট ০২ বছর ২৩ দিন প্রাপ্য ছুটির পরিবর্তে মূল বেতন ১৫,০০০ টাকার সাথে ২০% মহার্ঘ ভাতা বাবদ ৩,০০০ টাকা যোগ করিয়া মোট ১৮,০০০ টাকা হারে সর্বোচ্চ ১২(বার) মাসের ছুটির সমপরিমাণ অর্থ বাবদ (১৮,০০০×১২)= ২,১৬,০০০ (দুই লক্ষ ষোল হাজার) টাকা এককালীন নগদায়ন প্রদানের জন্য কর্তৃপক্ষ মঞ্জুরী জ্ঞাপন করিয়াছেন।

তারিখ, ২০ জুলাই ২০১৪

**নং ১৫৭ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অবসর-উত্তর ছুটি ভোগরত কোর্ট অফিসার জনাব মোঃ আবদুর রশিদ মোল্লা-কে তাহার আবেদনের প্রেক্ষিতে অত্র কোর্টের বিজ্ঞপ্তি নং ১২৮ জি, তারিখ ১৫-০৬-২০১৪ এর মাধ্যমে তাহাকে ০৯-০৪-২০১৪ হইতে ০৮-০৪-২০১৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হইয়াছে। উক্ত অবসর-উত্তর ছুটির অতিরিক্ত অবশিষ্ট ০১ বছর ০৮ মাস ৩ দিন প্রাপ্য ছুটির পরিবর্তে মূল বেতন ১৬,২০০ টাকার সাথে ২০% মহার্ঘ ভাতা বাবদ ৩,২৪০ টাকা যোগ করিয়া মোট ১৯,৪৪০ টাকা হারে সর্বোচ্চ ১২(বার) মাসের ছুটির সমপরিমাণ অর্থ বাবদ (১৯,৪৪০×১২)=২,৩৩,২৮০ (দুই লক্ষ তেত্রিশ হাজার দুইশত আশি) টাকা এককালীন নগদায়ন প্রদানের জন্য কর্তৃপক্ষ মঞ্জুরী জ্ঞাপন করিয়াছেন।

তারিখ, ২৩ জুলাই ২০১৪

**নং ১৫৮ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিজ্ঞপ্তি নং ১১২জি তারিখ ০১-০৬-২০১৪ এর ধারাবাহিকতায় বেঞ্চ অফিসার, জনাব মোঃ নূরুল ইসলাম সরকার-কে ০৪-০৬-২০১৪ তারিখ হইতে ০৩-০৬-২০১৫ তারিখ পর্যন্ত ১২ মাস পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হইল। তিনি অবসর উত্তর ছুটি ভোগ শেষে আগামী ০৪-০৬-২০১৫ তারিখ অত্র কোর্টের চাকুরী হইতে অবসর গ্রহণ করিবেন।

আদেশক্রমে

**এ, কে, এম, শামসুল ইসলাম**
রেজিস্ট্রার।

---

### বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

### অফিস আদেশাবলী

তারিখ, ৩০ জুন ২০১৪

**নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২৩/১০০**—জনাব অনুপ কুমার রায়, উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কেন্দুয়া, নেত্রকোনাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০৫-২০১৪ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০.০৩২.২০১৪-৪৫৬ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে শিল্প মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে তাঁকে বদলীপূর্বক তাঁর চাকরি শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, তাঁকে প্রেষণে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ৩১-০৭-২০১৪ তারিখ অপরাহ্নে আদিষ্ট হয়ে অব্যাহতি প্রদান করা হল।

৩। প্রেষণে কর্মরত থাকাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ—

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি প্রেষণে পদস্থাপিত অফিস সাধারণভাবে ৩ (তিন) বৎসরের জন্য বহাল থাকবে;

(খ) সরকারি কাজের স্বার্থে কর্তৃপক্ষ তাঁকে যে কোন সময় এই বিভাগে ফেরত আনতে পারবে;

(গ) সংশ্লিষ্ট কর্মকর্তা সরকার কর্তৃক অনুমোদিত বেতন-ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) এ কার্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে তাঁর পদবী, পদমর্যাদা, দায়িত্ব বা কর্তব্য পরিবর্তন করা যাবে না।

**নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-১৮/১০১**—জনাব মোঃ সিদ্দিকুর রহমানকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১-০৬-২০১৪ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০.০২১.২০১৪-৫২৮ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের হিসাব রক্ষণ কর্মকর্তা পদ হতে প্রত্যাহারপূর্বক নিজ কর্ম-অধিক্ষেত্রে প্রত্যাবর্তনের লক্ষ্যে তাঁর চাকরি অর্থ বিভাগে প্রত্যর্পণ করা হয়েছে। এর সূত্রে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের ১৮-০৬-২০১৪ তারিখের বিইউ/প্রকল্প/প্রশাসনিক নথি/০০৮/১৩ নম্বর অফিস আদেশের মাধ্যমে বর্ণিত প্রেষণ পদ হতে ১৯-০৬-২০১৪ তারিখ অপরাহ্নে অব্যাহতিপ্রাপ্ত হয়ে ২২-০৬-২০১৪ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদানের জন্য যোগদানপত্র দাখিল করেছেন।

২। এমতাবস্থায়, জনাব মোঃ সিদ্দিকুর রহমান [অডিট এন্ড একাউন্টস অফিসার] এর যোগদানপত্র তাঁর যোগদানের তারিখ [২২-০৬-২০১৪] ও সময় [পূর্বাহ্ন] হতে গ্রহণ করতঃ তাঁকে সিজিএ কার্যালয়ের ৯ম গ্রেডভুক্ত পদে আদিষ্ট হয়ে পদস্থাপনপূর্বক ৩০-০৬-২০১৪ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস এম রেজভী**
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

**কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়**

**সাধারণ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২১ শ্রাবণ ১৪২১/০৫ আগস্ট ২০১৪

**নং ০৫.৪১.৩০০০.০১২.১১.০২৮.১৩.৪১১**—জেল কোড, ১৯৩৭ এর **১ম** খণ্ডের ৫৬(২) নং বিধি মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে এ বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারের বেসরকারি কারা পরিদর্শক হিসেবে নিয়োগ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, পিতা/স্বামীর নাম | ঠিকানা |
|---|---|---|
| (১) | আলহাজ্ব আব্দুল মতিন সরকার<br>পিতা মরহুম আলহাজ্ব নঈম উদ্দিন মাষ্টার | স্থায়ী ঠিকানা ঃ গ্রাম-দরিরামপুর, ডাকঘর-ত্রিশাল, উপজেলা-ত্রিশাল, জেলা ময়মনসিংহ। |
| (২) | জনাব মোঃ ইকরামুল হক টিটু<br>পিতা মরহুম ফজলে হক | স্থায়ী ঠিকানা ঃ বাড়ী নং-৮, রাস্তা নং-কবরখানা রোড (কালীবাড়ী), ডাকঘর-ময়মনসিংহ, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা ময়মনসিংহ। |
| (৩) | জনাব মোঃ মমতাজ উদ্দিন<br>পিতামৃত আব্দুর রাজ্জাক | স্থায়ী ঠিকানা ঃ আকুয়া মোড়ল বাড়ী, ডাকঘর-ময়মনসিংহ, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা ময়মনসিংহ। |
| (৪) | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>পিতা-মৃত আবুল হাসেম | স্থায়ী ঠিকানা ঃ ছাতুগাঁও, ডাকঘর-ছাতুগাঁও, উপজেলা-হালুয়াঘাট, জেলা ময়মনসিংহ। |
| (৫) | জনাব মোঃ আব্দুল আওয়াল সেলিম<br>পিতা মরহুম তাসির উদ্দিন আহমেদ | স্থায়ী ঠিকানা ঃ গ্রাম-ছভাগিয়া, ডাকঘর-আমলীতলা, উপজেলা-কোতোয়ালী, জেলা ময়মনসিংহ। |
| (৬) | জনাব মোঃ মাহবুবুল আলম ভূইয়া<br>পিতা মোঃ আঃ গফুর ভূইয়া | স্থায়ী ঠিকানা ঃ ৬২/বি বাঘমারা রোড, থানা-কোতোয়ালী, জেলা ময়মনসিংহ। |
| (৭) | জনাব মোহাম্মদ আব্দুল কুদ্দুস<br>পিতা মরহুম আফছর আলী | স্থায়ী ঠিকানা ঃ লক্ষীপুর, ডাকঘর-আলীম নগর, উপজেলা ফুলবাড়ীয়া, জেলা ময়মনসিংহ। |
| (৮) | জনাব শংকর সাহা, পিতা মৃত যোগেন্দ্র প্রসাদ সাহা | স্থায়ী ঠিকানা ঃ ৯২ ডাল পট্টি, মেছুয়া বাজার, ডাকঘর ময়মনসিংহ, উপজেলা ময়মনসিংহ সদর, জেলা ময়মনসিংহ। |
| (৯) | বেগম মনিরা সুলতানা<br>পিতা মোস্তফা এম এ মতিন | স্থায়ী ঠিকানা ঃ ৮/২৩৭, থানা রোড, ভালুকা বাজার, ডাকঘর ভালুকা, উপজেলা ভালুকা, জেলা ময়মনসিংহ। |
| (১০) | বেগম শামছুন আরজু<br>স্বামী মোহাম্মদ হামিদুর রহমান | স্থায়ী ঠিকানা ঃ গ্রাম-সুতিয়াখালী, ডাকঘর-সুতিয়াখালী, উপজেলা ময়মনসিংহ সদর, জেলা ময়মনসিংহ। |
| (১১) | ডাঃ সামছুন নাহার পারভীন<br>স্বামী সৈয়দ মোঃ হাবিব উল্লাহ | স্থায়ী ঠিকানা ঃ ১৩১, কালী বাড়ী রোড, পাটগুদাম, ডাকঘর-ময়মনসিংহ, উপজেলা ময়মনসিংহ সদর, জেলা ময়মনসিংহ। |
| (১২) | বেগম নূরুন্নাহার সরকার<br>স্বামী মোঃ আনোয়ার হোসেন সরকার | স্থায়ী ঠিকানা ঃ বাড়ি নং-১৩৮, রাস্তা নং/নাম কালীবাড়ী রোড পাটগুদাম, ডাকঘর ময়মনসিংহ, উপজেলা ময়মনসিংহ সদর, জেলা ময়মনসিংহ। |

**মোঃ জিল্লার রহমান**
কমিশনার।

**বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম**
**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ আগস্ট ২০১৪

**নং ০০.৪২.০১৯.২১.০৮.০০১.২০১৪-৬১৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত সহকারী কমিশনার (ভূমি)-কে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত উপজেলা ভূমি অফিসে বদলি/পদায়ন করা হল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ রাজিবুল আলম (১৬৩৫৪)<br>নিজ জেলা-ফরিদপুর | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, রাউজান, চট্টগ্রাম | উপজেলা ভূমি অফিস,<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী |

২। তাঁকে কর্মস্থলের অধিক্ষেত্রের মধ্যে ভূমি বিষয়ক সরকারি পাওনাদি আদায়ের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি (Sanction) প্রদান করা হল।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ খলিলুর রহমান**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার।

---

**সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ আগস্ট ২০১৪

**নং ০০.৪২.০১৯.১৪.০২.০০২.২০১৪-৫১৭**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত একই পদে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম (পরিচিতি নং) ও পদবি | বর্তমান কর্মস্থল | যেখানে বদলি/পদায়ন করা হল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ মহসীন মৃধা, পরিচিতি নম্বর-১৬৮৭৭, সহকারী কমিশনার, নিজ জেলা ঢাকা। | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | জেলা প্রশাসকের কার্যালয়,<br>রাঙ্গামাটি পার্বত্য জেলা |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**মোঃ আলেফ উদ্দিন**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**

**রাজশাহী বিভাগ, রাজশাহী।**

**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ জুলাই ২০১৪

**নং ০৫.৪৩.০০০০.০১১.২৬.০০২.১৪-৮৩২**—এ বিভাগে কর্মরত নিম্নবর্ণিত কানুনগোকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সমপদে বদলি করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবী | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ হাবিবুল ইসলাম, কানুনগো | রংপুর | উপজেলা ভূমি অফিস, দুর্গাপুর, রাজশাহী | উপজেলা ভূমি অফিস, পবা, রাজশাহী |

২। বদলীকৃত কানুনগো আগামী ০৩-০৮-২০১৪ তারিখের মধ্যে কর্মস্থল থেকে অবমুক্ত হবেন। অন্যথায় উক্ত তারিখ অপরাহ্নে তাৎক্ষণিক অবমুক্ত বলে গণ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ১৮ আগস্ট ২০১৪

**নং ০৫.৪৩.০০০০.০১১.০১.০৪৪.১৪-৯২০**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তারদ্বয়কে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলী করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আলমগীর কবির, পরিচিতি নং-১৬৩১৩, নিজ জেলা কুষ্টিয়া। | উপজেলা (ভূমি) অফিস, পুঠিয়া, রাজশাহী। | উপজেলা (ভূমি) অফিস, গুরুদাসপুর, নাটোর। |
| (২) | জনাব মোঃ জাহিদ নেওয়াজ, পরিচিতি নং-১৬৫১৩, নিজ জেলা সিরাজগঞ্জ। | উপজেলা (ভূমি) অফিস, গুরুদাসপুর, নাটোর। | উপজেলা (ভূমি) অফিস, বড়াইগ্রাম, নাটোর। |

২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাঁদের নিজ এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সনের পি.ডি.আর এ্যাক্টের ৩ (৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**হেলালুদ্দীন আহমদ**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রংপুর বিভাগ, রংপুর।**

**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৪ আগস্ট ২০১৪

**নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০১.১৪-৪১৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-৫ শাখার প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৪১.১৯.০০৫.১৪-১১৫,তারিখ ১৪-০৭-২০১৪ এবং ২২-০৭-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৪১.১৯.০১.১৪-১২১ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এ কার্যালয়ে যোগদানকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন/বদলি করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| (১) | জনাব মোঃ জহুরুল ইসলাম (১৫৫৬৭), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য যোগদানকৃত। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট। |
| (২) | জনাব মোঃ রেজাউল করিম (১৬০৩৫), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য যোগদানকৃত। | উপজেলা নির্বাহী অফিসারেন কার্যালয়, ডিমলা, নীলফামারী। |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ৯ আগস্ট ২০১৪

**নং ০৫.৪৭.০০০০.০০৬.০৪.০৭৫.১৪-৪৩৫(৭১)**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৩৭.১৮.১১২.১৪-২৩০, তারিখ ০২ শ্রাবণ ১৪২১/১৭ জুলাই ২০১৪ মূলে নিম্নোক্ত ৩৩ জন শিক্ষানবিস সহকারী কমিশনার এর চাকুরি যথোপযুক্ত পদে পদায়নপূর্বক মাঠ পর্যায়ে প্রশিক্ষণের জন্য বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর-এর অধীনে ন্যস্ত করা হয়। তদনুযায়ী ৩৩ জন কর্মকর্তা ০৭-০৮-২০১৪ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেন। কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া তাদের নামের পার্শ্বে বর্ণিত জেলা প্রশাসকের কার্যালয়ে শিক্ষানবিস সহকারী কমিশনার হিসেবে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পরিচিতি নম্বর | নিজ জেলা | এ কার্যালয়ে যোগদানের তারিখ | পদায়নকৃত জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | জনাব নাজনীন সুলতানা | ১৭৩২২ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | রংপুর |
| (২) | জনাব খন্দকার রবিউল ইসলাম | ১৭৩২৪ | যশোর | ০৭-০৮-২০১৪ | লালমনিরহাট |
| (৩) | জনাব মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম | ১৭৩৪৪ | খুলনা | ০৭-০৮-২০১৪ | গাইবান্ধা |
| (৪) | জনাব সাদিয়া আফরিন | ১৭৩৪৭ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | রংপুর |
| (৫) | জনাব মোঃ রিফাত ফেরদৌস | ১৭৩৫০ | কুষ্টিয়া | ০৭-০৮-২০১৪ | ঠাকুরগাঁও |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ((৬) | জনাব নাজমুন নাহার | ১৭৩৫১ | সাতক্ষীরা | ০৭-০৮-২০১৪ | দিনাজপুর |
| (৭) | জনাব রাজীব সাহা | ১৭৩৫৬ | যশোর | ০৭-০৮-২০১৪ | নীলফামারী |
| (৮) | জনাব বিতান কুমার মন্ডল | ১৭৩৬৭ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | ঠাকুরগাঁও |
| (৯) | জনাব মোঃ এনামুল হক | ১৭৩৭২ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | কুড়িগ্রাম |
| (১০) | জনাব মোঃ আক্তার হোসেন শাহিন | ১৭৩৭৬ | যশোর | ০৭-০৮-২০১৪ | দিনাজপুর |
| (১১) | জনাব সুফল চন্দ্র গোলদার | ১৭৪১১ | সাতক্ষীরা | ০৭-০৮-২০১৪ | নীলফামারী |
| (১২) | জনাব রোসলিনা পারভীন | ১৭৪১৮ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | কুড়িগ্রাম |
| (১৩) | জনাব নাজিম উদ্দীন | ১৭৪৪২ | যশোর | ০৭-০৮-২০১৪ | কুড়িগ্রাম |
| (১৪) | জনাব তপতী বিশ্বাস | ১৭৪৫৭ | বাগেরহাট | ০৭-০৮-২০১৪ | দিনাজপুর |
| (১৫) | জনাব সারওয়াত শামীম | ১৭৪৬১ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | রংপুর |
| (১৬) | জনাব ছন্দা পাল | ১৭৪৬৮ | খুলনা | ০৭-০৮-২০১৪ | রংপুর |
| (১৭) | জনাব ফাতেমা-তুজ-জোহরা | ১৭৪৭৯ | বাগেরহাট | ০৭-০৮-২০১৪ | গাইবান্ধা |
| (১৮) | জনাব সালমা খাতুন | ১৭৪৮৫ | মাগুরা | ০৭-০৮-২০১৪ | গাইবান্ধা |
| (১৯) | জনাব সুজন সরকার | ১৭৪৯০ | খুলনা | ০৭-০৮-২০১৪ | নীলফামারী |
| (২০) | জনাব ইফতেখার ইউনুস | ১৭৫২৮ | যশোর | ০৭-০৮-২০১৪ | ঠাকুরগাঁও |
| (২১) | জনাব সাদিয়া ইসলাম | ১৭৫৩১ | যশোর | ০৭-০৮-২০১৪ | নীলফামারী |
| (২২) | জনাব মোঃ জোবায়ের রহমান রাশেদ | ১৭৫৩৮ | কুষ্টিয়া | ০৭-০৮-২০১৪ | দিনাজপুর |
| (২৩) | জনাব মেজবাহ উদ্দীন | ১৭৫৪৬ | সাতক্ষীরা | ০৭-০৮-২০১৪ | গাইবান্ধা |
| (২৪) | জনাব মোঃ রনি আলম নূর | ১৭৫৪৮ | কুষ্টিয়া | ০৭-০৮-২০১৪ | পঞ্চগড় |
| (২৫) | জনাব মমতাজ বেগম | ১৭৫৫৩ | সাতক্ষীরা | ০৭-০৮-২০১৪ | লালমনিরহাট |
| (২৬) | জনাব মোঃ তারিফ-উল-হাসান | ১৭৫৭৫ | চুয়াডাঙ্গা | ০৭-০৮-২০১৪ | পঞ্চগড় |
| (২৭) | জনাব এম. এম. আরাফাত হোসেন | ১৭৫৭৮ | খুলনা | ০৭-০৮-২০১৪ | লালমনিরহাট |
| (২৮) | জনাব রোজিনা আক্তার | ১৭৫৯০ | সাতক্ষীরা | ০৭-০৮-২০১৪ | লালমনিরহাট |
| (২৯) | জনাব এ. বি. এম. খালিদ হোসেন সিদ্দিকী | ১৭৫৯৬ | যশোর | ০৭-০৮-২০১৪ | রংপুর |
| (৩০) | জনাব মোঃ মাহবুবুল হক | ১৭৬০৭ | ঝিনাইদহ | ০৭-০৮-২০১৪ | ঠাকুরগাঁও |
| (৩১) | জনাব মিন্টু বিশ্বাস | ১৭৬১০ | মাগুরা | ০৭-০৮-২০১৪ | রংপুর |
| (৩২) | জনাব অনিমেষ বিশ্বাস | ১৭৬১৩ | যশোর | ০৭-০৮-২০১৪ | পঞ্চগড় |
| (৩৩) | জনাব সাধন কুমার বিশ্বাস | ১৭৬১৬ | নড়াইল | ০৭-০৮-২০১৪ | কুড়িগ্রাম |

২। বর্ণিত শিক্ষানবিস সহকারী কমিশনারগণ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত।

৩। শিক্ষানবিসকালের মধ্যে যাতে শিক্ষানবিস অফিসারগণ বুনিয়াদি প্রশিক্ষণ, কেস রেকর্ড এ্যানোটেশন, বিভাগীয় পরীক্ষায় পাশ ও ট্রেজারী ট্রেনিং গ্রহণসহ চাকুরীতে স্থায়ী হওয়ার জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে পারেন সে বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। যোগদানের পরপরই সংশ্লিষ্ট জেলা প্রশাসক তাঁর নিজ দপ্তরসহ জেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ অফিসসমূহের কার্যক্রম সম্পর্কে নিয়োগকৃত কর্মকর্তাদের ধারণা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী সংযুক্তি ও প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণপূর্বক এর কপি অত্রাফিসে প্রেরণ করবেন।

৫। প্রশিক্ষণ কর্মসূচী সমাপ্ত হওয়ার পর জেলা প্রশাসকগণ প্রত্যেক শিক্ষানবিস সহকারী কমিশনার সম্পর্কে ব্যক্তিগতভাবে মূল্যায়ন করে একটি প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ ও কমিশনার অফিসে অনুলিপি প্রেরণ করবেন।

৬। স্ব স্ব কর্মস্থলে যোগদানের জন্য পদায়নকৃত কর্মকর্তাগণকে অদ্য ০৯-০৮-২০১৪ তারিখ অপরাহ্নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর হতে অবমুক্ত করা হলো। তারা পদায়নকৃত জেলা প্রশাসকের কার্যালয়ে অবিলম্বে যোগদান করবেন।

৭। কর্মকর্তাগণ এই অফিস থেকে কোন বেতন-ভাতা গ্রহণ করেননি।

৮। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মুহাম্মদ দিলোয়ার বখ্ত**
বিভাগীয় কমিশনার।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল**
**(সংস্থাপন-১ শাখা)**

**অফিস আদেশ**

তারিখ, ২৫ শ্রাবণ ১৪২১/০৯ আগস্ট ২০১৪

**নং ০৫.১০.০০০০.০০১.১৫.০০৩.১৪-৪৩১(৫৫)**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ জুলাই ২০১৪ ২৬ আষাঢ় ১৪২১ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৩.০১০.১৩-৯০ নম্বর প্রজ্ঞাপনমূলে ৩৩তম বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের একই মন্ত্রণালয়ের ১৭ জুলাই ২০১৪/০২ শ্রাবণ ১৪২১ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.১৮.১৮.১১২.১৪-২৩০ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে সহকারী কমিশনার (শিক্ষানবিস) হিসেবে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পন করে বরিশাল বিভাগে ন্যস্ত করা হয়েছে। যোগদানকৃত নিম্নোক্ত সহকারী কমিশনারগণকে তাঁদের নামের পাশে বর্ণিত জেলা প্রশাসকের কার্যালয়ে শিক্ষানবিস সহকারী কমিশনার হিসেবে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পরিচিতি নম্বর | নিজ জেলা | যোগদানের তারিখ | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | জনাব রোজিনা আক্তার | ১৭৩৯২ | টাঙ্গাইল | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (২) | জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম | ১৭৩৯৬ | নেত্রকোনা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (৩) | জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি | ১৭৩৯৭ | কিশোরগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর |
| (৪) | জনাব মোঃ এরশাদ উদ্দিন | ১৭৩৯৮ | কিশোরগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী |
| (৫) | জনাব রাসেদুল হাসান | ১৭৪০১ | জামালপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি |
| (৬) | জনাব তাহমিনা আক্তার | ১৭৪০৭ | নারায়ণগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (৭) | জনাব মাহমুদা আক্তার | ১৭৪০৮ | কিশোরগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (৮) | জনাব মোহাম্মদ নাহিদুল করিম | ১৭৪০৯ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (৯) | জনাব মুহাম্মদ তাশফিক হক | ১৭৪১০ | নারায়ণগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (১০) | জনাব অরুন্ধতী ফেরদৌস | ১৭৪১৩ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (১১) | জনাব রুমানা আক্তার | ১৭৪২৩ | মাদারীপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (১২) | জনাব মোঃ আসসাদিক জামান | ১৭৪২৭ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর |
| (১৩) | জনাব মোঃ আশিকুর রহমান চৌধুরী | ১৭৪৩০ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (১৪) | জনাব বুলবুল আহমেদ | ১৭৪৩৮ | ময়মনসিংহ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি |
| (১৫) | জনাব মোঃ মিজানুর রহমান | ১৭৪৩৯ | গাজীপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর |
| (১৬) | জনাব শিফা নুসরাত | ১৭৪৪৫ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (১৭) | জনাব কমলেশ মজুমদার | ১৭৪৫২ | গোপালগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (১৮) | জনাব শীতেষ চন্দ্র সরকার | ১৭৪৫৪ | নেত্রকোনা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (১৯) | জনাব সাদিয়া ইসলাম লুনা | ১৭৪৬২ | ফরিদপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি |
| (২০) | জনাব তাহ্‌মিনা তারিন | ১৭৪৬৪ | জামালপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা |
| (২১) | জনাব মুন মুন জাহান লিজা | ১৭৪৬৬ | ময়মনসিংহ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর |
| (২২) | জনাব কামরুন নাহার | ১৭৪৬৭ | গাজীপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (২৩) | জনাব সাবেকুন নাহার | ১৭৪৬৯ | মাদারপুির | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী |
| (২৪) | জনাব জিনাত রেহানা | ১৭৪৭৬ | শেরপুর | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী |
| (২৫) | জনাব সাবরিনা আফরিন মুস্তাফা | ১৭৪৭৮ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি |
| (২৬) | জনাব সুখময় সরকার | ১৭৪৮০ | ময়মনসিংহ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| (২৭) | জনাব মোঃ সাজেদুল ইসলাম | ১৭৪৮২ | নারায়ণগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা |
| (২৮) | জনাব বকুল চন্দ্র কবিরাজ | ১৭৪৮৩ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী |
| (২৯) | জনাব মোঃ রেজাউল করিম | ১৭৪৯১ | মুন্সিগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (৩০) | জনাব আলমগীর হোসেন | ১৭৪৯৯ | নরসিংদী | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী |
| (৩১) | জনাব হাসিনা আক্তার | ১৭৫০৩ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা |
| (৩২) | জনাব মেহনাজ ফেরদৌস | ১৭৫০৫ | ময়মনসিংহ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (৩৩) | জনাব প্রমথ রনজন ঘটক | ১৭৫১০ | গোপালগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা |
| (৩৪) | জনাব রুবাইয়া তাছনিম | ১৭৫১১ | গোপালগঞ্জ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা |
| ৩৫) | জনাব লুবনা শারমীন | ১৭৫১২ | ময়মনসিংহ | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর |
| (৩৬) | জনাব মুহাম্মদ ওয়াসিকুল ইসলাম | ১৭৫১৬ | ঢাকা | ০৭-০৮-২০১৪ | জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা |

২। শিক্ষানসি সহকারী কমিশনারগণকে শিক্ষানবিসকালের মধ্যে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া, প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ, কেস রেকর্ড প্রস্তুতি সম্পন্ন করাসহ চাকুরীতে স্থায়ী হওয়ার জন্য সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে জেলা প্রশাসকগণ সহায়তা প্রদান করবেন। তাছাড়া রাজস্ব বিষয়ক প্রশিক্ষণসহ জেলা প্রশাসকের কার্যালয়ে বিভিন্ন কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও হাতে কলমে শিক্ষা দেওয়ার জন্য জেলা প্রশাসকগণ উদ্যোগ গ্রহণ করবেন।

৩। শিক্ষানবিস সহকারী কমিশনারগণকে ভবিষ্যতে কোন প্রশিক্ষণে মনোনীত করা হলে জেলা প্রশাসকগণ যথাসময়ে তাদেরকে অবমুক্ত করবেন।

৪। উল্লিখিত কর্মকর্তাগণকে অবিলম্বে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য ০৯-০৮-২০১৪ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। তাদেরকে এ কার্যালয় হতে কোন বেতন-ভাতাদি প্রদান করা হয়নি।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ গাউস**
বিভাগীয় কমিশনার।

---

**পুলিশ হেডকোয়ার্টার্স**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৪ জুলাই ২০১৪

**নং জিএ/৪-২০১১ (অংশ-২)/১৯২৬**—জনাব জীবন কান্তি সরকার, সহকারী পুলিশ সুপার, বি-সার্কেল, নারায়ণগঞ্জ, বর্তমানে সরকারী পুলিশ সুপার, ১০ম এপিবিএন, বরিশাল হিসেবে বদলির আদেশপ্রাপ্ত-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা হিসেবে বদলি করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/৪-২০১৩/১৭০৮ তারিখ ২১-৬-২০১৪ মোতাবেক উক্ত কর্মকর্তার সহকারী পুলিশ সুপার, ১০ম এপিবিএন, বরিশাল হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৭ জুলাই ২০১৪

**নং জিএ/৬-২০০৮(অংশ-২)/১৯৫৫**—জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর মিশন শেষে প্রত্যাবর্তনকৃত এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শককে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তার নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

জনাব এস এম হাসিবুর রহমান (বিপি-৬৭৯৪০১১০৮৮) শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা দক্ষিণ সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—র‍্যাব।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৬-৭-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৭-৭-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ২২ জুলাই ২০১৪

**নং জিএ/৬-২০১৩(অংশ-৪)/২০০৩**—নিম্নবর্ণিত কর্মকর্তগণ-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে/পদে বদলি/পদায়ন করা হলো :

(১) জনাব মোঃ রবিউল ইসলাম (বিপি-৭৮০৬১১১১৪৪), অতিরিক্ত পুলিশ সুপার, সিবিআই, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ৮-৭-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার এসএমপি, সিলেট।

(২) জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), সিনিয়র সহকারী পুলিশ সুপার, ৬ এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ৮-৭-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সিনিয়র সহকারী পুলিশ সুপার, ৬ষ্ঠ এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি।

(৩) জনাব মোঃ আব্দুল আওয়াল, পিপিএম (বিপি-৫৮৮১০৮৩৯১৯) সিনিয়র সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ২৯-৬-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সিনিয়র সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।

(৪) জনাব মোঃ আশরাফ হোসেন, সহকারী পুলিশ সুপার, বিপিএ, সারদা, রাজশাহী, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ২৯-৬-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।

(৫) জনাব মোঃ আক্তার হোসেন (বিপি-৬২৮৮০০৫৮৬৭), সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ২৯-৬-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।

(৬) জনাব মোঃ সাজ্জাদ হোসেন, (বিপি-৫৯৮৪০৬৬৮৪৯), সহকারী পুলিশ কমিশনার, আর এম পি, রাজশাহী—সহকারী পুলিশ সুপার, র‌্যাব।

(৭) জনাব মোঃ আসলাম শাহাজাদা (বিপি নং-৭৯০৮১২১৬০), সিনিয়র সহকারি পুলিশ সুপার, র‌্যাব—সিনিয়র সহকারী পুলিশ সুপার, ৮ম এপিবিএন, সিলেট।

(৮) জনাব মোহাম্মদ মিজানুর রহমান (বিপি-৭৭০৬১১৯৭৯০), সিনিয়র সহকারী পুলিশ সুপার, ১ম এপিবিএন ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ৮-৭-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সিনিয়র সহকারি পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

(৯) জনাব মোঃ আসাদুজ্জামান (বিপি-৭৯১২১৪৭৬৫১), সহকারী পুলিশ সুপার, নৌ পুলিশ, ঢাকা—সহকারী পুলিশ সুপার, (সদর) দিনাজপুর।

(১০) জনাব মল্লিক মোঃ রুহুল ইসলাম (বিপি-৫৮৮১০৯৫৮৭৩), সহকারি পুলিশ সুপার, সদর সার্কেল, পাবনা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ৮-৭-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারি পুলিশ সুপার, এসপিবিএন, ঢাকা।

(১১) জনাব কাজী বজলে মাওলা (বিপি-৫৭৮১০০৫৮৯৮), সহকারী পুলিশ সুপার, র‌্যাব, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ৮-৭-১৪ তারিখ পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারী পুলিশ সুপার, র‌্যাব।

(১২) জনাব মোঃ আবদুল কাদির, সহকারী পুলিশ সুপার, এসবি, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ৮-৭-১৪ তারিখ পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারি পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।

(১৩) জনাব শংকর কুমার দাস (বিপি-৬৪৮৮০৪৬৫২০), সহকারি পুলিশ কমিশনার, সি এম পি, সিলেট, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং ২৯-৬-১৪ তারিখে পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৩ জুলাই ২০১৪

**নং জিএ/৪-২০১৩/২০১১**—জনাব এ.কে.এম. মনিরুল ইসলাম (বিপি-৮০১০১২৬৭৬৪), সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সহকারী পুলিশ সুপার (সদর), জামালপুর হিসেবে বদলি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/৪-২০১৩/(অংশ-৩)/২০১২**—নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো।

(১) জনাব ফারুক আহম্মেদ (বিপি নং-৫৭৮১০৬৫০০১), সহকারী পুলিশ সুপার, জকিগঞ্জ সার্কেল, সিলেট—সহকারী পুলিশ সুপার, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, সিলেট।

(২) জনাব জোতির্ময় সরকার (বিপি-৮২১২১৪৭৬৯৮), সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট—সহকারী পুলিশ সুপার, জকিগঞ্জ সার্কেল, সিলেট।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/৫-২০১৩/(অংশ-১)(ইন্স)/২০১২**—বগুড়া জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মাহমুদুল আলম (বিপি-৬৮৯৩০৬৯২২০) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে রংপুর রেঞ্জে বদলি করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ৩-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৪-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ৭ আগস্ট ২০১৪

**নং জিএ/৪-২০১৪/২০১৩**—জনাব অনির্বান চৌধুরী (বিপি-৮৫১২১৪৭৭৭৮), সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সহকারী পুলিশ সুপার সদর, পিটিসি, টাঙ্গাইল হিসেবে বদলি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১০ আগস্ট ২০১৪

**নং জিএ/২-২০১৩/(অংশ)/২১৩৭**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে-পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত বদলি/পদায়ন করা হলো ঃ

(১) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান (বিপি-৭৩০৫১০২৪৭১), অতিরিক্ত পুলিশ সুপার, ফরিদপুর। বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।

(২) জনাব মোঃ বেলাল হোসেন (বিপি-৭৫০৬১১৭৮৭৬), অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই, ঢাকা—বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার পিবিআই, ঢাকা।

(৩) জনাব মোহাঃ কাজেম উদ্দীন (বিপি-৭৫০৬১১৩৭৮০), অতিরিক্ত পুলিশ সুপার, বর্তমানে ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, নওগাঁ, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, নওগাঁ।

(৪) জনাব মোহাম্মদ সুলাইমান, পিপিএম-সেবা (বিপি-৭৪০৫১১৯৭১৮), অতিরিক্ত পুলিশ সুপার, ৬ এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।

(৫) জনাব এস এম মুরাদ আলি (বিপি-৭২০৫১০৩৩২৬), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

(৬) জনাব মোহাম্মদ হাছান চৌধুরী (বিপি-৭৮০৬১১২৩৮২), অতিরিক্ত পুলিশ সুপার, বান্দরবান, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।

(৭) জনাব মোঃ মিজানুর রহমান (বিপি-৭৬০৬১১৯৭০৬), অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন ব্যাটালিয়ন, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন, ব্যাটালিয়ন, ঢাকা।

(৮) জনাব মোঃ মনিরুজ্জামান (বিপি-৭৮০৬১১৯৭৩৮), অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই, ঢাকা।

(৯) জনাব জাকির হাসান (বিপি-৭৪০৬১১৩৯৬৪), অতিরিক্ত পুলিশ সুপার, নোয়াখালী, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, গোপালগঞ্জ।

(১০) জনাব মোঃ রবিউল ইসলাম (বিপি-৮০০৬১১৮২৫৪), অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন, ব্যাটালিয়ন, ঢাকা। বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন, ব্যাটালিয়ন, ঢাকা, সংযুক্ত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

(১১) জনাব এ, জেড, এম, মোস্তাফিজুর রহমান (বিপি-৮০০৬১১২৩৭৪), অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন, ব্যাটালিয়ন, ঢাকা। বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, ফরিদপুর।

(১২) জনাব মোঃ রাজীব আল মাসুদ (বিপি-৮১০৬১১০৭৪২), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

(১৩) জনাব আবুল কালাম আজাদ সহকারী পুলিশ সুপার, আরআরএফ, খুলনা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারি পুলিশ সুপার, পিটিসি, খুলনা।

(১৪) জনাব মোঃ এনামুল হক, চৌধুরী, সহকারী পুলিশ সুপার, বিপিএ, সরদা, রাজশাহী, প্রেষণে দুদকে কর্মরত, বর্তমানে সাউথ/সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারি পুলিশ সুপার, বিপিএ, সারদা, রাজশাহী।

(১৫) জনাব মোঃ আব্দুল মতিন, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারি পুলিশ সুপার, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, দিনাজপুর।

(১৬) জনাব মোঃ হেলাল উদ্দিন (বিপি-৫৯৮১০৩১৬২৫), সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা, বর্তমানে দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৪ আগস্ট ২০১৪

**নং জিএ/৪-২০১৪/(অংশ)/২২০৪**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো ঃ

(১) জনাব মোঃ অহিদুজ্জামান, পিপিএম (বিপি-৫৯৮১০৬৯৮১৯), সিনিয়র সহকারী পুলিশ সুপার, শিবালয় সার্কেল, মানিকগঞ্জ—সিনিয়র সহকারী পুলিশ সুপার, বিপিএ, সারদা. রাজশাহী।

(২) জনাব মোঃ আব্দুল হান্নান, সিনিয়র সহকারী পুলিশ সুপার, দেওয়ানগঞ্জ সার্কেল, জামালপুর—সিনিয়র সহকারী পুলিশ সুপার, নৌ পুলিশ, ঢাকা।

(৩) জনাব খন্দকার ছাইদ আহাম্মদ, সহকারী পুলিশ সুপার, বাজিতপুর সার্কেল, কিশোরগঞ্জ—সহকারী পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা।

(৪) জনাব মোঃ মোজাম্মেল হক, সহকারী পুলিশ সুপার, দক্ষিণ সার্কেল, হবিগঞ্জ—সহকারী পুলিশ সুপার, শিল্পঞ্চল পুলিশ, ঢাকা।

(৫) জনাব এ কে এম গণিউজ্জামান লস্কর (বিপি-৫৭৮১০৯৪৮৪৯), সিনিয়র সহকারী পুলিশ সুপার, দিরাই সার্কেল, সুনামগঞ্জ—সিনিয়র সহকারী পুলিশ সুপার, ট্যুরিস্ট পুলিশ, ঢাকা।

(৬) জনাব মোঃ আব্দুল হান্নান, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, রাজশাহী—সিনিয়র সহকারী পুলিশ সুপার, বিপিএ, সারদা, রাজশাহী।

(৭) জনাব মোঃ আব্দুর রশিদ, সহকারী পুলিশ সুপার, লামা সার্কেল, বান্দরবান—সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, রাজশাহী।

(৮) জনাব মোঃ মাহফুজ আফজাল, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, নওগাঁ—সিনিয়র সহকারী পুলিশ সুপার, বিপিএ, সারদা, রাজশাহী।

(৯) জনাব কানাই লাল সরকার (বিপি-৭৭০৮১২১৫৯৯) সহকারী পুলিশ সুপার, রেলওয়ে ঈশ্বরদী, সৈয়দপুর, জিআরপি—সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, নওগাঁ।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/৪-২০১৪ (অংশ)/১৬৩১ তারিখে-১৫-৬-২০১৪ মোতাবেক জনাব যায়েদ শাহরীয়ার (বিপি-৮২১১১৪২৫২৫), সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল বরগুনা এর সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, ফরিদপুর হিসেবে বদলির আদেশ এবং জনাব মোঃ কামরুজ্জামান (বিপি-৭৭০৬১১৫২২৬), সিনিয়র সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, ফরিদপুর এর সিনিয়র সহকারী পুলিশ সুপার (সদর) শেরপুর হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৬ আগস্ট ২০১৪

**নং জিএ/৪-২০১০/(অংশ-৫)/২২১০**—জনাব মোঃ আমিনুল ইসলাম (বিপি-নং-৭৭০৮১২১৬৩৬), সিনিয়র সহকারী পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ঢাকা-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সিনিয়র সহকারী পুলিশ সুপার, এসবি, ঢাকা হিসেবে বদলি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৮ আগস্ট ২০১৪

**নং জিএ/১৭-২০১৩/(অংশ)(ইন্স)/২২২০**—পিটিসি, টাংগাইলে কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মোরশেদ আলী (বিপি-৫৫৭৪০৭৬২৮৪), এর জন্ম তারিখ ১-৯-১৯৫৫ অনুযায়ী বয়স ৫৯ (ঊনষাট) বৎসর পূর্তিতে গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর ৪ ধারার সংশোধনী এবং অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২, তারিখ ৬-৪-২০১০ মোতাবেক তাকে ৩১-৮-২০১৪ তারিখে অবসর এবং ১-৯-২০১৪ হতে ০১ (এক) বৎসর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

**নং জিএ/৬-২০১৩(ইন্স)/২২২২**—জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর মিশন শেষে প্রত্যাবর্তনকৃত এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শককে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তার নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

জনাব মোঃ আতিকুর রহমান (বিপি-৭০৯৪০২৬৭১৬) শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, সিরাজগঞ্জ জেলা, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—র‌্যাব।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৮-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৯-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**হাসান মাহমুদ খন্দকার,** বিপিএম, পিপিএম, এনডিসি
ইন্সপেক্টর জেনারেল।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৩ জুলাই ২০১৪

**নং জিএ/১৩-২০১০(ইন্স)/১৯১১**—সিএমপি, চট্টগ্রামে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোকছুদের রহমান (বিপি-৫৮৭৭১০৭৫৩৭) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৩-৭-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৪-৭-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ১৪ জুলাই ২০১৪

**নং জিএ/৫-২০১৪(অংশ)(ইন্স)/১৯৪০**—মৌলভীবাজার জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (পিবিআই, ঢাকায় বদলীর আদেশ প্রাপ্ত) জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান (বিপি৭৩৯৯০৯৬৭৫০) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে চট্টগ্রাম রেঞ্জে বদলী করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/২-২০১৪(ইন্স)/১০২২, তারিখ-১৫-৪-২০১৪ মোতাবেক উক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এর পিবিআই, ঢাকায় বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৪-৭-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৫-৭-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ১৭ জুলাই ২০১৪

**নং জিএ/২০-২০১০(অংশ)(ইন্স)/১৯৫২**—নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শকদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

(১) জনাব মোঃ আব্দুস সামাদ (বিপি-৫৭৮১০৩২৩৮৪), শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, নারায়ণগঞ্জ জেলা—রংপুর রেঞ্জ।

(২) জনাব নীতি বিকাশ দত্ত (বিপি-৬৪৮৯০১০৬৯২), শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, নারায়ণগঞ্জ জেলা—কেএমপি, খুলনা।

উল্লিখিত পুলিশ পরিদর্শকদ্বয় বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৬-৭-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৭-৭-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/১৬-২০১৪(ইন্স)/১৯৫৩**—রাঙ্গামাটি জেলায় কর্মরত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব সরওয়ার মোহাম্মদ পারভেজ (বিপি-৭৩৯৪১০২২০৯) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে সিএমপি, চট্টগ্রামে বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৬-৭-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৭-৭-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

২২ জুলাই ২০১৪

**নং জিএ/৭-২০১৪(ইন্স)/২০০৫**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/৭-২০১৪(ইন্স)/১৭৬৬, তারিখ ২৯-৬-২০১৪ মোতাবেক ডিএমপি, ঢাকার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (পিবিআই, ঢাকায় বদলীর আদেশ প্রাপ্ত) জনাব মোঃ তাজুল ইসলাম, পিপিএম-সেবা (বিপি-৭১০১০৬০৩৯৮) এর পিবিআই, ঢাকায় বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২২ জুলাই ২০১৪

**নং জিএ/২-২০১৪(ইন্স)/২০০৬**—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

(১) জনাব মোঃ হাবিবুর রহমান (বিপি-৭২৯৬০১০২১৮), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—পিবিআই, ঢাকা।

(২) জনাব একেএমএস ইকবাল (বিপি-৬৭৯৫০১০৪৮৬), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—পিবিআই, ঢাকা।

(৩) জনাব প্রনব চৌধুরী (বিপি-৭৫০১০৭৭২৮১), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—সিআইডি, ঢাকা।

(৪) জনাব মোঃ সামসুদ্দীন ভূঁইয়া (বিপি-৬৭৯০০৯৫০০২), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—বিপিএ, সারদা, রাজশাহী।

উল্লিখিত পুলিশ পরিদর্শকগণ বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৩-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/১২-২০১২(ইন্স)/২০০৭**—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

(১) জনাব দীপাংকর রায় (বিপি-৭৪০১০৪৮৭৯৩), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—চট্টগ্রাম রেঞ্জ।

(২) জনাব মোঃ হুমায়ূন কবির তাং (বিপি-৭৮০১০৭২৫৯৭), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—আরএমপি, রাজশাহী।

(৩) জনাব মোঃ আনিচুর রহমান (বিপি-৬৯৯৫০৫৩৫৭৯), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—খুলনা রেঞ্জ।

(৪) জনাব মোহাম্মদ রিয়াদ মাহমুদ (বিপি-৭৫০০০৪৬০০২), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—চট্টগ্রাম রেঞ্জ।

(৫) জনাব মোঃ শহিদুল ইসলাম (বিপি-৫৬৭৬৩৯০৭০১), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—বরিশাল রেঞ্জ।

(৬) জনাব রিটন রায় চৌধুরী (বিপি-৭৫০১০৩২৩০৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—সিলেট রেঞ্জ।

(৭) জনাব মোঃ আতাউর রহমান (বিপি-৭০৯৬০১০৫৮৯), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—রাজশাহী রেঞ্জ।

(৮) জনাব এসএম আলী আজম সিদ্দিকী (বিপি-৬৬৯০১০২৩৮৫), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—সিলেট রেঞ্জ।

উল্লিখিত পুলিশ পরিদর্শকগণ বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৩-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/২১-২০০৯(ইন্স)/২০০৮**—এসবি, ঢাকায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ নুরুল আনোয়ার (বিপি ৬৪৯০০৮২০৪৯) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সিআইডি, ঢাকায় বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৩-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ২৪ জুলাই ২০১৪

**নং জিএ/১০-২০১২(অংশ)(ইন্স)/২০৩৫**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/১০-২০১২(অংশ)(ইন্স)/১৩৯২, তারিখ ২১-৫-২০১৪ খ্রিঃ মোতাবেক সাতক্ষীরা জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (বরিশাল রেঞ্জে বদলীর আদেশপ্রাপ্ত) জনাব কাজী জালাল উদ্দিন আহমেদ (বিপি-৬৫৯০০৭৮৬১১) এর বরিশাল রেঞ্জে বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/৭-২০০৪(অংশ-১)(ইন্স)/২০৩৮**—ডিএমপি, ঢাকার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (বরিশাল রেঞ্জে বদলীর আদেশ প্রাপ্ত) জনাব শেখ গনি মিয়া (বিপি-৭৫০২০৩৮৭৮২)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে খুলনা রেঞ্জে বদলীর করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/৭-২০০৪(অংশ-১)(ইন্স)/১৯৮৯, তারিখ ২০-০৭-২০১৪ খ্রিঃ মোতাবেক উক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এর বরিশাল রেঞ্জে বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ৩০-৭-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৩১-৭-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/৩৬-২০১৩(ইন্স)/২০৩৯**—নিম্নবর্ণিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শকদ্বয়কে পরবর্তী নিদের্শ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

(১) জনাব সুপল ত্রিপুরা (বিপি-৫৯৮১০৪২৯৬৬) শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, এসএমপি, সিলেট—চট্টগ্রাম রেঞ্জ

(২) জনাব মোঃ রবিউল ইসলাম (বিপি-৬৪৮৮০১০৭৭৩) শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক, ঝালকাঠি জেলা—বিএমপি, বরিশাল

উল্লিখিত পুলিশ পরিদর্শকদ্বয় বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ৪-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৫-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/২-২০১৪(ইন্স)/২০৪১**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/২-২০১৪(ইন্স)/১৯৪৩, তারিখ ১৫-৭-২০১৪ খ্রিঃ মোতাবেক সুনামগঞ্জ জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (পিটিসি, টাংগাইলে বদলীর আদেশ প্রাপ্ত) জনাব মোঃ আনিছুর রহমান খান (বিপি-৬৪৮৯০০৮৯৪২) এর পিটিসি, টাংগাইলে বদলীর আদেশ এতদ্বারা ৩১-১২-২০১৪ খ্রিঃ পর্যন্ত স্থগিত করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১-১-২০১৫ খ্রিঃ তারিখে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২-১-২০১৫ খ্রিঃ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ৫ আগস্ট ২০১৪

**নং জিএ/৪১-২০১৩(ইন্স)/২১০০**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/৪১-২০১৩(ইন্স)/২০৫৭, তারিখ ২৭-৭-২০১৪ খ্রিঃ মোতাবেক চুয়াডাঙ্গা জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (পিবিআই, ঢাকায় বদলীর আদেশ প্রাপ্ত) জনাব এস এম ইকবাল আহমেদ (বিপি-৬৯৯৮০৪২৮১২) এর পিবিআই, ঢাকায় বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৬ আগস্ট ২০১৪

**নং জিএ/২-২০১৪(ইন্স)/২১০৫**—হবিগঞ্জ জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক (বরিশাল রেঞ্জে বদলীর আদেশ প্রাপ্ত) জনাব মোঃ নিজাম উদ্দিন চৌধুরী (বিপি-৬৮৯৩০৫৬৯১৩)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে এসএমপি, সিলেটে বদলী করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/২-২০১৪(ইন্স)/১৯৪৩, তারিখ ১৫-৭-২০১৪ খ্রিঃ মোতাবেক উক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক এর বরিশাল রেঞ্জে বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৫-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৬-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/৬-২০১৩(ইন্স)/২১০৬**—জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর মিশন শেষে প্রত্যাবর্তনকৃত এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শকগণ-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী/পদায়ন করা হলো ঃ

(১) জনাব মোঃ নুরে আলম ফকির (বিপি-৬৭৯৮০৮৩৩৩২) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—ঢাকা রেঞ্জ

(২) জনাব মোঃ আনিছুর রহমান সরদার (বিপি-৭১৯৪০৬৫৫৮৯) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, আরএমপি, রাজশাহী, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—আরএমপি, রাজশাহী

(৩) জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান (বিপি-৭৬০১১১৭৪৭৩) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—ডিএমপি, ঢাকা

(৪) জনাব মোঃ আতাউর রহমান (বিপি-৭২৯৭০০৯৩৬৯) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—ডিএমপি, ঢাকা

উল্লিখিত পুলিশ পরিদর্শকগণ বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৫-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৬-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ৭ আগস্ট ২০১৪

**নং জিএ/৫-২০১৩(অংশ-১)(ইন্স)/২১১৬**—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

(১) জনাব এ কে এম নাসির উল্লাহ (বিপি-৬৭৯১১১৯৭৪৯) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—ঢাকা রেঞ্জ

(২) জনাব মোঃ গোলাম মোস্তফা (বিপি-৬৬৮৪০১০৩৪৯) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—খুলনা রেঞ্জ

ক্রমিক নং-১ এ বর্ণিত পুলিশ পরিদর্শককে আবেদনক্রমে বদলী করা হয়েছে বিধায় তিনি কোন যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

উল্লিখিত পুলিশ পরিদর্শকদ্বয় বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৭-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৮-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ১৪ আগস্ট ২০১৪

**নং জিএ/৫-২০১৩(অংশ)(ইন্স)/২২০৫**—নিম্নবর্ণিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদ্বয়-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী করা হলো ঃ

(১) জনাব অমুল্য কুমার চৌধুরী (বিপি-৬৫৮৮০২৯১৩১) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, হবিগঞ্জ জেলা—পিবিআই, ঢাকা

(২) জনাব মোঃ রেজাউল ইসলাম (বিপি-৬৯৯৬১১১২৪৫) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, মাগুরা জেলা—পিবিআই, ঢাকা

উল্লিখিত পুলিশ পরিদর্শকদ্বয় বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৪-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৫-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/৫-২০১৪(অংশ)(ইন্স)/২২০৬**—হাইওয়ে, মাদারীপুর অঞ্চল, ফরিদপুরে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ ইকবাল হোসেন (বিপি-৭১৯৬০০৮০৭০)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে ঢাকা রেঞ্জে বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৪-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৫-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/১-২০১৪(ইন্স)/২২০৭**—কুমিল্লা জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ ইসমাইল হোসেন মিয়া (বিপি-৬৫৮৯০৮৩৪১১)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সিআইডি, ঢাকায় বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৪-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৫-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/৬-২০১৩(অংশ)(ইন্স)/২২০৮**—জাতিসংঘ শান্তিরক্ষা বাহিনীর মিশন শেষে প্রত্যাবর্তনকৃত এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় রিপোর্টকৃত নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শকদ্বয়-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী/পদায়ন করা হলো ঃ

(১) জনাব মোঃ সদীপ কুমার দাশ (বিপি-৭৬০১০৭০৫৯৫) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সিএমপি, চট্টগ্রাম

(২) জনাব লিটন দেওয়ান (বিপি-৭৪০১০৬১৬৪৩) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লক্ষ্মীপুর জেলা, দারফুর, সুদান মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—সিআইডি, ঢাকা

উল্লিখিত পুলিশ পরিদর্শকদ্বয় বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৪-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৫-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ১৬ আগস্ট ২০১৪

**নং জিএ/৭-২০১৪(ইন্স)/২২১২**—সিআইডি, ঢাকায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব জানে আলম মুন্সী (বিপি-৭৬০৪১২১৯০০) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে ডিএমপি, ঢাকায় বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২৪-৮-২০১৪ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ২৫-৮-২০১৪ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**এ, কে, এম শহীদুল হক,** বিপিএম, পিপিএম
অতিরিক্ত আইজি (প্রশাসন)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**

**(ব্যবসা বাণিজ্য শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ আগস্ট ২০১৪

**নং ০৫.৩০.৬১০০.০১৬.৩৬.০০১.১৪(২)-১৯২**—যেহেতু ময়মনসিংহ জেলার কতিপয় ডিলিং লাইসেন্সধারী অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ এর আওতাভুক্ত পণ্যের ডিলিং লাইসেন্সে ২০১৪-২০১৫ মেয়াদে নবায়নের আবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে (৩১ জুলাই, ২০১৪ খ্রিঃ) দাখিল করতে পারেননি, সেহেতু উক্ত লাইসেন্সধারীদের লাইসেন্স নবায়নের সুযোগ প্রদানের নিমিত্ত ও সরকারী রাজস্ব আদায়ের স্বার্থে অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ, ১৯৮১ এর ২২(৯) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি মুস্তাকীম বিল্লাহ ফারুকী, জেলা প্রশাসক, ময়মনসিংহ লাইসেন্স নবায়নের আবেদন/দরখাস্ত দাখিলের সময়সীমা ৩১ আগস্ট, ২০১৪ পর্যন্ত বর্ধিত করলাম।

**মুস্তাকীম বিল্লাহ ফারুকী**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল**

**এল, এ শাখা**

**১৯৮২ সনের স্থাবর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**
**কেস নং ০২/২০১৩-২০১৪**

**ফরম নং 'ঘ'**

**(৫নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক ]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুমদখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমতি হয়েছে।

সেহেতু এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা-বেড়বাড়ী, জেএল নং-৮৬, উপজেলা-সখিপুর, জেলা-টাঙ্গাইল।

| এসএ খতিয়ান নং | এসএ দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৪৯৩ | ২১১৩ | ০.৪৪ |

**নং উঃনিঃঅঃ/সাতঃসদর/৬-১৪ (অংশ)/২০১৪-১১৬৭**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা (২) এর ক্ষমতাবলে আমি মোঃ আছাদুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার সাতক্ষীরা সদর, সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, সাতক্ষীরা সদর উপজেলার ১০নং আগরদাঁড়ী ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ আনারুল ইসলাম, মৃত্যুবরণ করায় আসনটি শূন্য হওয়ায় গত ২৭ মে ২০১৪ উপনির্বচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে ৫নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ আঃ মান্নান, পিতামৃত আমিনুদ্দিন সরদার, সাং ইন্দিড়া, উপজেলা ও জেলা সাতক্ষীরা চেয়ারম্যান নির্বাচিত হন। গত ৬ জুলাই ২০১৪ তারিখে চেয়ারম্যান হিসাবে শপথ গ্রহণ করেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা (ঙ) মোতাবেক ১০নং ইউনিয়ন পরিষদের ৫নং সাধারণ আসনের সদস্য পদটি ০৬-০৭-২০১৪ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আছাদুজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।

**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ/ ১৯ কার্তিক ১৪২১ বঙ্গাব্দ

**এস. আর. ও নং- ২৫৯-আইন/২০১৪।**—বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১৫নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্মচারী (অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা নিম্নবর্ণিত কর্মচারী ব্যতীত, ইনস্টিটিউটের সকল সার্বক্ষণিক কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথাঃ—

(ক) প্রেষণে নিয়োজিত কর্মচারী; এবং

(খ) সম্পূর্ণ অস্থায়ী, খন্ডকালীন, দৈনিক বা চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) "আইন" অর্থ বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১৫নং আইন);

(২) "আনুতোষিক" অর্থ প্রবিধান ২২ এর উপ-প্রবিধান (৩) এবং (৪) এর অধীন প্রদেয় আনুতোষিক;

(৩) "ইনস্টিটিউট" অর্থ বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট;

(৪) "কর্মচারী" অর্থ ইনস্টিটিউটের কোন কর্মচারী এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৫) "গণনাযোগ্য চাকুরি" অর্থ প্রবিধান- ১৩ এ উল্লিখিত গণনাযোগ্য চাকুরি;

(৬) "ট্রাষ্টি বোর্ড" অর্থ প্রবিধান ৪ এর অধীন গঠিত বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্মচারী অবসরভাতা তহবিল ট্রাষ্টি বোর্ড;

(৭) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(৮) "তহবিল" অর্থ প্রবিধান ৩ এর অধীন গঠিত বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্মচারী অবসরভাতা তহবিল;

(৯) "পরিবার" অর্থ—

(ক) কর্মচারী পুরুষ হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ ও তাহার সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন কর্মচারী প্রমাণ করিতে পারেন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন অথবা তাহার স্ত্রী প্রথাভিত্তিক আইন অনুসারে খোরপোষ লাভের অধিকারী নহেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী, এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না; এবং

(খ) কর্মচারী মহিলা হইলে, তাহার স্বামী এবং সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্বামী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণঃ

তবে শর্ত থাকে যে, কোন মহিলা কর্মচারী তাহার স্বামীকে এই প্রবিধানমালার কোন সুবিধা পাইবার ব্যাপারে তাহার পরিবারভুক্ত না করিবার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না;

(১০) "ফরম" অর্থ এই প্রবিধানমালার তফসিলে বর্ণিত ফরম;

(১১) "যথাযথ কর্তৃপক্ষ" অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কোন নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য ইনস্টিটিউট কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(১২) "সদস্য" অর্থ ট্রাষ্টি বোর্ডের কোন সদস্য;

(১৩) "সভাপতি" অর্থ ট্রাষ্টি বোর্ডের সভাপতি।

৩। **তহবিল গঠন।**—কর্মচারীগণকে এই প্রবিধানমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থের সমন্বয়ে "বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্মচারী অবসরভাতা তহবিল" নামে একটি তহবিল গঠিত হইবে, যথাঃ—

(ক) ইনস্টিটিউটের অনুকূলে সরকারের রাজস্ব খাত হইতে Endowment fund হিসাবে এককালীন প্রাপ্ত অর্থ;

(খ) ইনস্টিটিউটের সিদ্ধান্ত অনুসারে, সময়ে সময়ে, তহবিলে প্রদত্ত মঞ্জুরী;

(গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং

(ঘ) অন্য কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

৪। **ট্রাষ্টি বোর্ড।**—(১) তহবিলের ব্যবস্থাপনা, সংরক্ষণ ও বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে "বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্মচারী অবসরভাতা তহবিল ট্রাষ্টি বোর্ড" নামে একটি ট্রাষ্টি বোর্ড থাকিবে, যথাঃ—

| | | |
|---|---|---|
| (ক) | ইনস্টিটিউটের মহাপরিচালক | - সভাপতি; |
| (খ) | ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ) | - সদস্য; |
| (গ) | ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন) | - সদস্য; |
| (ঘ) | ইনস্টিটিউটের উপ-পরিচালক (প্রশাসন) | - সদস্য; |
| (ঙ) | আইন ও বিচার বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - সদস্য; |
| (চ) | অর্থ বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - সদস্য; |
| (ছ) | ইনস্টিটিউটের সহকারী পরিচালক (হিসাব) | - সদস্য-সচিব; |
| (জ) | ইনস্টিটিউটের কর্মচারীগণের মধ্য হইতে মহাপরিচালক কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি। | - সদস্য। |

(২) ট্রাষ্টি বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত এক বা একাধিক সদস্য সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(৩) ট্রাষ্টি বোর্ডের দায়িত্ব পালনের জন্য উহার কোন সদস্য কোন বেতন, ভাতা বা পারিতোষিক প্রাপ্য হইবেন না।

৫। **ট্রাষ্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলী।**—ট্রাষ্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) এই প্রবিধানমালার বিধান অনুসারে তহবিলের অর্থের যথাযথ ব্যবহার ও উহার রক্ষণাবেক্ষণ;

(খ) প্রবিধান ৬ এর বিধান অনুযায়ী তহবিলের অর্থ বিনিয়োগ এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(গ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঘ) প্রতি আর্থিক বৎসর সমাপ্তির পরবর্তী মাসের মধ্যে তহবিলের আয়, ব্যয়, বিনিয়োগ ও অন্যান্য বিষয় সম্পর্কে ইনস্টিটিউটের নিকট প্রতিবেদন উপস্থাপন; এবং

(ঙ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ।

৬। **তহবিলের অর্থ জমা, বিনিয়োগ, ইত্যাদি।**—(১) ট্রাষ্টি বোর্ড তহবিলের অর্থ এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে এবং এতদুদ্দেশ্যে ট্রাষ্টি বোর্ড তহবিলের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকে স্থায়ী আমানত বা সঞ্চয়ী হিসাবে জমা রাখিতে বা কোন লাভজনক সরকারি সিকিউরিটিতে বিনিয়োগ করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, ট্রাষ্টি বোর্ড, ইনস্টিটিউটের অনুমোদন সাপেক্ষে, প্রতি বৎসর এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংকে একটি চলতি হিসাবে জমা রাখিতে পারিবে।

(২) পরিচালক (প্রশাসন) ও সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

৭। **আয়ন-ব্যয়ন কর্মকর্তা ও সদস্য-সচিব এর কার্যাবলী।**—(১) ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন) তহবিলের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) ট্রাষ্টি বোর্ডের আয়ন-ব্যয়ন কর্মকর্তা ও সদস্য-সচিব নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেন, যথাঃ—

(ক) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ;

(খ) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি, যথাযথ কর্তৃপক্ষের আদেশ অনুসারে, যথাশীঘ্র পরিশোধ;

(গ) ট্রাষ্টি বোর্ডের নির্দেশ অনুসারে প্রবিধান-৬ এ উল্লিখিত আমানত, ব্যাংক হিসাব ও বিনিয়োগ পরিচালনা;

(ঘ) প্রবিধান ২৭ এর অধীন কার্যাবলী সম্পাদন।

৮। **ট্রাষ্টি বোর্ডের সভা।**—(১) এই প্রবিধানমালার বিধানাবলী সাপেক্ষে, ট্রাষ্টি বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে;

(২) সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময় ট্রাষ্টি বোর্ডের সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতি ছয় মাসে ট্রাষ্টি বোর্ডের অন্তত একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) সভাপতি ট্রাষ্টি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য ট্রাষ্টি বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) সভার কোরামের জন্য উহার মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোরামের কোন প্রয়োজন হইবে না।

(৫) ট্রাষ্টি বোর্ডের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি বা সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

**৯। তহবিলের অর্থ ব্যয় ও হিসাব নিরীক্ষা।—(১)** তহবিলের অর্থ অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে ব্যয় করা হইবে।

(২) তহবিলের আয়-ব্যয়ের হিসাব, সময় সময়, ইনস্টিটিউটের হিসাব শাখা কর্তৃক নিরীক্ষিত হইবে।

(৩) প্রতি আর্থিক বৎসরান্তে তহবিলের আয়-ব্যয় এবং স্থিতিপত্র (Balance Sheet) সরকারি অডিট বিভাগ দ্বারা নিরীক্ষিত হইবে।

**১০। অবসর গ্রহণ।**—কর্মচারীর অবসর গ্রহণের বয়সের ক্ষেত্রে Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর বিধান প্রযোজ্য হইবে।

**১১। স্বেচ্ছায় অবসর গ্রহণ।—**(১) একজন কর্মচারী ২৫ (পঁচিশ) বৎসর চাকুরি সমাপ্ত করিবার পর, তাহার নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত নোটিশ প্রদান করিয়া চাকুরি হইতে অবসর গ্রহণ করিবার জন্য ইচ্ছা প্রকাশ করিতে পারিবেন।

(২) যে তারিখ হইতে সংশ্লিষ্ট কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে আগ্রহী সেই তারিখের অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে উপ-প্রবিধান (১) এর অধীন নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন স্বেচ্ছায় অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করিয়া নোটিশ প্রদান করা হইলে, উক্ত নোটিশে উল্লিখিত অবসর গ্রহণের তারিখ সংশোধন বা প্রত্যাহার করা যাইবে না।

**১২। ইনস্টিটিউট কর্তৃক অবসর প্রদান।**—ইনস্টিটিউট উহার কোন কর্মচারীকে অবসর প্রদান করিতে পারিবে, যদি—

(ক) উক্ত কর্মচারী ২৫ (পঁচিশ) বৎসর চাকুরি সমাপ্ত করিয়া থাকেন এবং ইনস্টিটিউট মনে করে যে, ইনস্টিটিউটের স্বার্থে উক্ত কর্মচারীকে অবসর প্রদান করা প্রয়োজন; অথবা

(খ) ইনস্টিটিউট কর্তৃক শৃঙ্খলাজনিত বিষয়ে উক্ত কর্মচারীকে কোন বিভাগীয় মামলায় দোষী সাব্যস্ত করিয়া বাধ্যতামূলক অবসর প্রদানের দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

**১৩। গণনাযোগ্য চাকুরি।—**(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীর গণনাযোগ্য চাকুরিকাল বলিতে ইনস্টিটিউটের কোন স্ব-বেতনে, পূর্ণকালীন ও স্থায়ী পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত হইয়া চাকুরিতে যোগদানের তারিখ হইতে অবসর গ্রহণ বা তাহাকে ইনস্টিটিউট কর্তৃক অবসর প্রদান বা চাকুরি হইতে বরখাস্ত বা অপসারণ বা পদ বিলুপ্তি বা মৃত্যুর কারণে তাহার চাকুরি অবসান হওয়ার তারিখ পর্যন্ত সময়কালকে বুঝাইবে।

(২) গণনাযোগ্য চাকুরি হিসাবের ক্ষেত্রে শুধুমাত্র সমাপ্ত পূর্ণ বৎসরকে গণনা করা হইবে এবং বৎসরের ভগ্নাংশকে বর্জন করা হইবে।

(৩) কোন কর্মচারীর বিনা বেতনে ছুটিকাল গণনাযোগ্য চাকুরিকাল হিসাবে গণ্য করা হইবে না।

(৪) কোন কর্মচারীর বয়স ১৮ (আঠার) বৎসর পূর্ণ হইবার পূর্বের চাকুরিকাল গণনাযোগ্য চাকুরি হিসাবে গণ্য হইবে না।

**১৪। গণনাযোগ্য চাকুরিতে ঘাটতি মার্জনা।—**(১) অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি মঞ্জুরীর ক্ষেত্রে, কোন কর্মচারীর প্রয়োজনীয় গণনাযোগ্য চাকুরিতে ঘাটতি থাকিলে—

(ক) ৬ (ছয়) মাস বা তদপেক্ষা কম সময়ের ঘাটতি মওকুফ করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে;

(খ) ৬ (ছয়) মাসের বেশী কিন্তু ১ (এক) বৎসরের কম এইরূপ সময়ের ঘাটতি ইনস্টিটিউট কর্তৃক মওকুফ করা যাইতে পারে, যদি—

(অ) তিনি চাকুরিতে থাকাকালে মৃত্যুবরণ করিয়া থাকেন; অথবা

(আ) তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে (যেমন- পঙ্গুত্ব বা পদ বিলুপ্তি ইত্যাদি) অবসর গ্রহণ করিয়া থাকেন, কিন্তু উক্ত নিয়ন্ত্রণ বহির্ভূত ঘটনা না ঘটিলে তিনি আরও ১ (এক) বৎসর গণনাযোগ্য চাকুরি করিতে পারিতেন; এবং

(ই) সন্তোষজনকভাবে (satisfactory) চাকুরি করিয়া থাকেন।

(২) এক বৎসরের বেশী সময়ের ঘাটতি কোন অবস্থাতেই মওকুফ করা হইবে না।

**১৫। অবসরভাতা প্রাপ্তির জন্য ন্যূনতম গণনাযোগ্য চাকুরি।**—কোন কর্মচারী অন্যূন ১০ (দশ) বৎসর গণনাযোগ্য চাকুরি না করিয়া থাকিলে, তিনি কোন প্রকারের অবসরভাতা প্রাপ্য হইবেন না।

**১৬। ক্ষতিপূরণমূলক অবসরভাতা।**—কোন কর্মচারী ১০ (দশ) বৎসর চাকুরি সমাপ্ত করিবার পর, তাহার পদ বিলুপ্ত হইলে এবং তাহাকে অন্য কোন সমান বা নিম্নতর পদে নিয়োগ করা না হইলে অথবা তিনি উক্তরূপ কোন পদে যোগদান করিতে না চাহিলে, তাহাকে ক্ষতিপূরণমূলক অবসরভাতা প্রদান করা যাইবে।

**১৭। অক্ষমতাজনিত অবসরভাতা।**—কোন কর্মচারী ১০ (দশ) বৎসর গণনাযোগ্য চাকুরি সমাপ্ত করিবার পর, ইনস্টিটিউট কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োজিত স্বাস্থ্য কর্তৃপক্ষের প্রত্যয়নের ভিত্তিতে, যথাযথ কর্তৃপক্ষ যদি এইরূপ অভিমত পোষণ করে যে, ইনস্টিটিউটের চাকুরিতে কর্মরত থাকাকালে শারীরিক বা মানসিক অসুস্থতার ফলে উক্ত কর্মচারী স্থায়ীভাবে অক্ষম হইয়া পড়িয়াছেন, তাহা হইলে তাহাকে অক্ষমতাজনিত অবসরভাতা প্রদান করা যাইবে।

**১৮। পারিবারিক অবসরভাতা।—**(১) কোন কর্মচারী অন্যূন ১০ (দশ) বৎসর গণনাযোগ্য চাকুরি সমাপ্ত করিবার পর, কিন্তু অবসর গ্রহণের পূর্বে, মৃত্যুবরণ করিলে, উক্ত কর্মচারী অবসর গ্রহণের ক্ষেত্রে তফসিল-১ এ উল্লিখিত হার অনুসারে তিনি যে অবসরভাতা পাইতেন, তাহার পরিবার সেই ভাতার সমপরিমাণ ভাতা উক্ত কর্মচারীর মৃত্যুর পর ১৫ (পনের) বৎসর বা সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য সময়কাল পর্যন্ত পারিবারিক অবসরভাতা পাইবেন।

(২) যে কোন প্রকার অবসরভাতা প্রাপ্তি শুরু করিবার পর, ১৫ (পনের) বৎসর অতিক্রান্ত হইবার পূর্বে কোন অবসরপ্রাপ্ত কর্মচারী মৃত্যুবরণ করিলে, উক্ত কর্মচারীর মৃত্যুর পর তাহার পরিবার উক্ত ১৫ (পনের) বৎসরের অবশিষ্ট সময় পর্যন্ত উক্ত অবসরভাতার সমপরিমাণ ভাতা প্রাপ্য হইবেন।

(৩) উপ-প্রবিধান (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্মচারী অন্যূন ১০ (দশ) বৎসর গণনাযোগ্য চাকুরি সমাপ্ত করিবার পর মৃত্যুবরণ করিলে তাহার বিধবা স্ত্রী বা স্ত্রীগণ বা স্বামী, পুনঃবিবাহ না করিলে, এবং প্রতিবন্ধিতার কারণে উপার্জনে অক্ষম সন্তান-সন্ততিগণ উপ-প্রবিধান (১) এ উল্লিখিত হারে উক্ত কর্মচারীর মৃত্যুর পর আজীবন পারিবারিক অবসরভাতা পাইবেন।

১৯। **অবসরভাতা প্রাপ্তির মেয়াদ।**—কোন অবসরপ্রাপ্ত কর্মচারী তাহার মৃত্যু পর্যন্ত অবসরভাতা পাইবেন।

২০। **অবসরভাতার হার।**—কোন কর্মচারীর প্রাপ্য অবসরভাতা, তাহার প্রাপ্য সর্বশেষ মূল বেতন (অবসর পরবর্তী ছুটিকালীন সময়ে বর্ধিত বেতন প্রাপ্য হইলে তৎসহ) এর ভিত্তিতে, তফসিল-১ এ উল্লিখিত হার বা সরকারি কর্মচারীদের ক্ষেত্রে, সময় সময়, প্রবর্তিত হার ও নিয়ম অনুযায়ী প্রদান করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীর অবসরভাতা, সরকারি কর্মচারীদের জন্য, সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত সীমার উর্ধ্বে হইবে না।

২১। **অবসর পরবর্তী ছুটি।**—(১) Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর বিধান অনুসারে অবসর গ্রহণের পর কোন কর্মচারী ১ (এক) বৎসর পর্যন্ত অবসর পরবর্তী ছুটি (Post-retirement Leave) ভোগ করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন ছুটি ভোগ করিবার সময় কোন কর্মচারী তাহার সর্বশেষ বেতনের হিসাবে এক বৎসরের পূর্ণ বেতন পাইবেন।

২২। **অবসরভাতা সমর্পণ ও আনুতোষিক।**—(১) প্রবিধান ১৮ এর উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত বিধবা স্ত্রী বা স্ত্রীগণ বা স্বামী এবং প্রতিবন্ধী সন্তান ব্যতীত কোন কর্মচারী বা তাহার পরিবারের সদস্যগণ অবসরভাতা প্রাপ্য হইবার অধিকারী হইলে, তিনি বা উক্ত সদস্যগণ ইচ্ছা করিলে উক্ত প্রাপ্য অবসরভাতার অনধিক অর্ধাংশ সমর্পণ করিয়া উহার পরিবর্তে নিম্নের টেবিলে উল্লিখিত হারে এককালীন থোক টাকা গ্রহণ করিতে পারিবেন, যথাঃ—

**টেবিল**

| ক্রমিক নং | গণনাযোগ্য চাকুরিকাল | সমর্পিত প্রতিটি টাকার জন্য প্রাপ্য টাকার পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ১০ (দশ) বৎসর বা তদুর্ধ্ব কিন্তু ১৫ (পনের) বৎসরের কম | ২৬০ টাকা |
| ২। | ১৫ (পনের) বৎসর বা তদুর্ধ্ব কিন্তু ২০ (বিশ) বৎসরের কম | ২৪৫ টাকা |
| ৩। | ২০ (বিশ) বৎসর বা তদুর্ধ্ব | ২৩০ টাকা |

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত অবসরভাতা প্রাপ্য হইবার অধিকারী কোন কর্মচারী বা ক্ষেত্রমত, তাহার পরিবারের সদস্যগণ ইচ্ছা করিলে উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত অবসরভাতার সমর্পণযোগ্য অর্ধাংশের পরবর্তী অর্ধাংশও সমর্পণ করিয়া উহার পরিবর্তে উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত হারের অর্ধেক হারে এককালীন থোক টাকা গ্রহণ করিতে পারিবেন।

(৩) কোন কর্মচারী অন্যূন ৩ (তিন) বৎসর কিন্তু ৫ (পাঁচ) বৎসরের কম গণনাযোগ্য চাকুরি সমাপ্ত করিয়া অবসর গ্রহণ করিলে বা পদ অবলুপ্তির কারণে তাহার চাকুরির অবসান ঘটানো হইলে বা তাহার মৃত্যু হইলে, তাহাকে বা, তাহার মৃত্যুর ক্ষেত্রে, তাহার পরিবারকে ৩ (তিন) মাসের মূল বেতনের সমান এককালীন আনুতোষিক প্রদান করা হইবে।

(৪) কোন কর্মচারী অন্যূন ৫ (পাঁচ) বৎসর কিন্তু ১০ (দশ) বৎসরের কম গণনাযোগ্য চাকুরি সমাপ্ত করিয়া অবসর গ্রহণ করিলে বা পদ অবলুপ্তির কারণে তাহার চাকুরির অবসান ঘটানো হইলে বা তাহার মৃত্যু হইলে, তাহাকে বা, তাহার মৃত্যুর ক্ষেত্রে, তাহার পরিবারকে তিনি যত বৎসর গণনাযোগ্য চাকুরি করিয়াছেন উহার প্রতি বৎসরের জন্য তাহার সর্বশেষ মাসিক মূলবেতনের দ্বিগুণ হারে এককালীন আনুতোষিক প্রদান করা হইবে।

২৩। **অবসরভাতা, ইত্যাদি গ্রহণের জন্য মনোনয়ন।**—(১) কোন কর্মচারীর মৃত্যুর পর যাহাতে তাহার পরিবারের প্রাপ্য অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি উক্ত পরিবারের পক্ষে গ্রহণ করা সম্ভব হয়, এতদুদ্দেশ্যে প্রত্যেক কর্মচারী—

(ক) এই প্রবিধানমালা কার্যকর হইবার সময় চাকুরীরত কর্মচারী হইলে, এই প্রবিধানমালা সরকারি গেজেটে প্রকাশের তারিখের ১৮০ (একশত আশি) দিনের মধ্যে; এবং

(খ) উক্ত তারিখের পরে চাকুরিতে যোগদান করিলে, চাকুরিতে যোগদানের তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে;

তফসিল-২ এ বর্ণিত ফরম পূরণ করিয়া তাহার অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির জন্য এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত করিয়া উক্ত ফরমটি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেনঃ

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা কার্যকর হইবার পূর্বে কোন কর্মচারী উক্ত উদ্দেশ্যে কোন মনোনয়ন প্রদান করিয়া থাকিলে উক্ত মনোনয়ন, এই প্রবিধানমালার সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, এই প্রবিধানমালার অধীন প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) কোন কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে যে কোন সময় উক্ত মনোনয়ন বাতিল বা পরিবর্তন বা সংশোধন করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে আবেদনকারীকে পুনরায় তফসিল-২ এ বর্ণিত ফরম পূরণ করিতে হইবে।

(৩) কোন কর্মচারী উপ-প্রবিধান (১) অনুসারে মনোনয়ন প্রদান না করিয়া মৃত্যুবরণ করিলে উত্তরাধিকারের প্রমাণপত্রের ভিত্তিতে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণকে অবসরভাতা ও আনুতোষিক সুবিধাদি প্রদান করা হইবে।

**২৪। কতিপয় বিধি-নিষেধ।—**(১) কোন কর্মচারী চাকুরি হইতে ইস্তফা প্রদান করিলে বা চাকুরী হইতে অপসারিত বা বরখাস্ত হইলে, তিনি কোন অবসরভাতা পাইবার অধিকারী হইবেন নাঃ

তবে শর্ত থাকে যে, অসদাচরণ বা অদক্ষতার কারণে কোন কর্মচারী অপসারিত বা বরখাস্ত হইলে, বিশেষ বিবেচনায় তাহাকে সহানুভূতিমূলক ভাতা প্রদান করা যাইতে পারে, যাহার পরিমাণ অক্ষমতাজনিত কারণে তাহাকে বাধ্যতামূলক অবসর গ্রহণ করানো হইলে যে পরিমাণ অবসরভাতা প্রাপ্য হইতেন সেই পরিমাণের দুই-তৃতীয়াংশের বেশী হইবে না।

(২) অবসর গ্রহণের সময় বা অন্য কোনভাবে চাকুরির অবসানের সময়, কোন কর্মচারীর বিরুদ্ধে দায়েরকৃত কোন বিভাগীয় মামলা বা অন্য কোন আদালতে কোন ফৌজদারী মামলা বিচারাধীন থাকিলে, উক্ত মামলার রায় চূড়ান্ত না হওয়া পর্যন্ত তিনি বা তাহার পরিবার কোন অবসরভাতা ও আনুতোষিকজনিত সুবিধা গ্রহণ করিতে পারিবেন না।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত কোন ফৌজদারী মামলায় কোন কর্মচারী যদি কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হন, তাহা হইলে আদালতের রায়ের মর্মানুযায়ী ইনস্টিটিউট উক্ত কর্মচারীর প্রাপ্য অবসরভাতা বা উহার অংশবিশেষ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত কোন বিভাগীয় মামলায় যদি দেখা যায় যে, কোন কর্মচারীর অবহেলা বা প্রতারণার ফলে ইনস্টিটিউটের আর্থিক ক্ষতি হইয়াছে, তাহা হইলে ইনস্টিটিউট উক্ত কর্মচারীকে বা তাহার পরিবারকে প্রদেয় অবসরভাতা ও আনুতোষিক হইতে উক্ত ক্ষতির টাকা আদায় করিবে।

(৫) কোন কর্মচারী একই সময়ে দুইটি অবসরভাতা ভোগ করিতে পারিবেন না।

(৬) কোন কর্মচারী বা তাহার পরিবারকে অবসরভাতা মঞ্জুর করিবার পূর্বে তাহার চাকুরীকাল সন্তোষজনক ছিল কিনা তাহা যথাযথ কর্তৃপক্ষ পরীক্ষা করিয়া দেখিবেন এবং, উক্ত চাকুরিকাল সন্তোষজনক না হইলে, যথাযথ কর্তৃপক্ষ উক্ত কর্মচারী বা তাহার পরিবারের প্রাপ্ত অবসরভাতার পরিমাণ, সংশ্লিষ্ট অবস্থার প্রেক্ষিতে,হ্রাস করিতে পারিবে।

**২৫। অর্জিত ছুটি নগদায়ন।—**(১) চাকুরিতে থাকাকালে কোন কর্মচারী তাহার পাওনা অর্জিত ছুটি ভোগ না করিয়া থাকিলে তিনি বা, তাহার মৃত্যুর ক্ষেত্রে, তাহার পরিবারবর্গ উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, উক্ত জমাকৃত অর্জিত ছুটির অনধিক ১২ (বার) মাসের পরিবর্তে তাহার সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের সমান হারে, এককালীন নগদ অর্থ গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য অর্থ অবসর পরবর্তী ছুটি শুরু হইবার পূর্বে গ্রহণ করা যাইবে না।

**২৬। অবসরভাতা, ইত্যাদির আবেদন।—**(১) কোন কর্মচারী বা মনোনীত ব্যক্তি অথবা অনুরূপ কোন মনোনয়ন না থাকিলে তাহার পরিবার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, এই প্রবিধানমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির উদ্দেশ্যে, তফসিল-৩ এর প্রথম ভাগে বর্ণিত ফরম পূরণ করিয়া উহাতে উল্লিখিত কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদন সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষ সন্তুষ্ট হইলে তফসিল-৩ এর দ্বিতীয় ভাগে বর্ণিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করিয়া উক্ত তফসিলের তৃতীয় ভাগে বর্ণিত ফরমে প্রার্থিত অবসরভাতা ও এককালীন থোক টাকা মঞ্জুর করিবেন এবং উক্ত তথ্যাদি সংরক্ষণ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন অবসরভাতা বা এককালীন থোক টাকা মঞ্জুর করা হইলে, আবেদনকারীকে, তফসিল-৩ এর চতুর্থ ভাগে বর্ণিত ফরমে একটি "অবসরভাতা বহি" প্রদান করিতে হইবে এবং এই বহিতে প্রতি মাসে প্রদত্ত অবসরভাতা লিপিবদ্ধ করিতে হইবে এবং হিসাব শাখা এইরূপ প্রদত্ত অবসরভাতা সম্পর্কিত তথ্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করিবে।

**২৭। অবসরভাতা, ইত্যাদি পরিশোধের স্থান।—**(১) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও এককালীন থোক টাকা যথাসম্ভব, উহার প্রাপক কর্তৃক উল্লিখিত ইনস্টিটিউটের প্রধান কার্যালয়, বা কোন তফসিলি ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা যাইবে এবং উক্তরূপ কোন ব্যাংকের মাধ্যমে পরিশোধের উদ্দেশ্যে ইনস্টিটিউট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(২) ইনস্টিটিউটের সক্ষমতা সাপেক্ষে অন-লাইন ব্যাংকিং সুবিধার মাধ্যমেও অবসরভাতা প্রদান যাইতে পারে।

**২৮। প্রবিধানমালায় অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়।—**অবসরভাতা, আনুতোষিক বা এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরজনিত সুবিধাদি সংক্রান্ত কোন বিষয়ে এই প্রবিধানমালায় পর্যাপ্ত বিধান বা ফরম অন্তর্ভুক্ত না থাকিলে উক্ত বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধিমালা, আদেশ, নির্দেশ বা, সময়ে সময়ে, এ বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত নিয়মাবলী অনুসরণ করিতে হইবে এবং এইরূপ অনুসরণে কোন অসুবিধার সৃষ্টি হইলে এতদ্‌বিষয়ে সরকারের সাধারণ নির্দেশ সাপেক্ষে, ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

২৯। **অবসর গ্রহণ, ইত্যাদি বিষয়ে Act No. XII of 1974 এর প্রয়োগ।—**এই প্রবিধানমালার বিধানাবলী Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর বিধানাবলী সাপেক্ষে প্রযোজ্য হইবে এবং উভয়ের মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে উক্ত Act এর বিধান প্রাধান্য পাইবে।

৩০। **চাকুরী প্রবিধানমালা সংশোধন।—**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৭ এর প্রবিধান ৪৭ ও প্রবিধান ৪৮ বিলুপ্ত হইবে।

**তফসিল-১**
**[প্রবিধান ১৮ ও ২০ দ্রষ্টব্য]**

**অবসরভাতার হার**

| ক্রমিক নং | গণনাযোগ্য চাকুরিকাল | প্রাপ্য অবসরভাতার হার (সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের %) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | ১০ (দশ) বৎসর | ৩২ |
| (২) | ১১ (এগার) বৎসর | ৩৫ |
| (৩) | ১২ (বার) বৎসর | ৩৮ |
| (৪) | ১৩ (তের) বৎসর | ৪২ |
| (৫) | ১৪ (চৌদ্দ) বৎসর | ৪৫ |
| (৬) | ১৫ (পনের) বৎসর | ৪৮ |
| (৭) | ১৬ (ষোল) বৎসর | ৫১ |
| (৮) | ১৭ (সতের) বৎসর | ৫৪ |
| (৯) | ১৮ (আঠার) বৎসর | ৫৮ |
| (১০) | ১৯ (উনিশ) বৎসর | ৬১ |
| (১১) | ২০ (বিশ) বৎসর | ৬৪ |
| (১২) | ২১ (একুশ) বৎসর | ৬৭ |
| (১৩) | ২২ (বাইশ) বৎসর | ৭০ |
| (১৪) | ২৩ (তেইশ) বৎসর | ৭৪ |
| (১৫) | ২৪ (চব্বিশ) বৎসর | ৭৭ |
| (১৬) | ২৫ (পঁচিশ) বৎসর বা তদূর্ধ্ব | ৮০ |

**তফসিল-২**

**[প্রবিধান ২৩ দ্রষ্টব্য]**

**অবসরভাতা বা আনুতোষিক সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্র**

| নং | মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের নাম ও ঠিকানা | কর্মচারীর সহিত মনোনীত ব্যক্তির সম্পর্ক | মনোনীত ব্যক্তির বয়স | মনোনীত ব্যক্তি একাধিক হইলে প্রত্যেকের প্রাপ্য অবসর ভাতার পরিমাণ (শতকরা হারে) | যদি মনোনীত ব্যক্তি মনোনয়নকারী কর্মচারীর পূর্বে মৃত্যুবরণ করেন, সেইক্ষেত্রে এই অধিকার যাহার উপর বর্তাইবে তাহার নাম, ঠিকানা ও সম্পর্ক, যদি থাকে |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (১) | | | | | |
| (২) | | | | | |
| (৩) | | | | | |

| স্বাক্ষী : | |
|---|---|
| ১। ....................................<br>২। .................................... | কর্মচারীর স্বাক্ষর<br>নাম : ...................................................... |
| | |
| তারিখ : | পদবী : ..................................................... |
| | বিভাগ/ শাখা : ............................................ |
| | তারিখ : .................................................... |

**বিশেষ দ্রষ্টব্য ঃ** *শেষ নাম লিখিবার পর খালি জায়গাটুকু কাটিয়া দিবেন যাহাতে পরে অন্য কোনো নাম যোগ করা না যায়।*

**তফসিল-৩**

**প্রথম ভাগ**

**'ক' অংশ**

**[প্রবিধান ২৬(১) দ্রষ্টব্য]**

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

*অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির আবেদনপত্র*

| | | |
|---|---|---|
| ১। | কর্মচারীর নাম (স্পষ্টাক্ষরে) | |
| ২। | পিতার নাম | |
| ৩। | মাতার নাম | |
| ৪। | স্বামী/ স্ত্রীর নাম (একাধিক স্ত্রী থাকিলে তাহাদের নাম) | |
| ৫। | জাতীয় পরিচয়পত্র নং | |
| ৬। | অবসর গ্রহণকালে পদবী ও কর্মস্থল | |
| ৭। | জন্ম তারিখ | |
| ৮। | চাকুরিতে যোগদানের তারিখ | |
| ৯। | অবসরভাতা প্রাপ্য হইলে উহার যে পরিমাণ সমর্পণ করিতে ইচ্ছুক (শতকরা হারে) | |
| ১০। | কর্মচারী স্বয়ং আবেদনকারী না হইলে— | |
| | (ক) আবেদনকারীর নাম ও ঠিকানা | |
| | (খ) কর্মচারীর সহিত আবেদনকারীর সম্পর্ক | |
| | (গ) আবেদনকারী কর্মচারী কর্তৃক মনোনীত হইয়াছেন কিনা (মনোনয়ন না থাকিলে প্রাপকগণ কর্তৃক প্রদত্ত ক্ষমতাপত্র দাখিল করিতে হইবে) | |
| ১১। | ইনস্টিটিউট/ সোনালী ব্যাংক লিঃ-এর যে শাখা হইতে অবসরভাতা বা এককালীন থোক টাকা বা অন্যান্য সুবিধাদির টাকা পাইতে আগ্রহী তাহার নাম, শাখার নাম, পূর্ণ ঠিকানা ও হিসাব নম্বর— | |
| | (ক) ইনস্টিটিউট | |
| | (খ) ব্যাংকের নাম | |
| | (১) শাখার নাম | |
| | (২) পূর্ণ ঠিকানা | |
| | (৩) হিসাব নম্বর | |
| ১২। | আবেদনকারীর ডাক ঠিকানা | |
| | (ক) বর্তমান | |
| | (খ) স্থায়ী | |
| ১৩। | কর্মচারীর/ আবেদনকারীর প্রতিবন্ধি সন্তান থাকিলে তাহার নাম | |

আমি এই চাকুরির কোন অংশ বিশেষের জন্য পূর্বে কোন অবসরভাতা বা এককালীন থোক টাকা গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত wm×vন্ত D‡ল্লখ না করিয়া কোন আবেদন করিব না।

**অঙ্গীকারনামা ঃ**

(ক) আমার জানামতে আমার নিকট ইনস্টিটিউট কোন পাওনা নাই। তথাপিও এই অবসরভাতা পরিশোধের পর যে কোন সময় অন্যত্র কোন আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা পারিবারিক অবসরভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরত প্রদান করিতে বাধ্য থাকিব।

(খ) যদি পরবর্তী সময় দেখা যায় যে, বিধি মোতাবেক আমি যে পরিমাণ অর্থ অবসরভাতা হিসাবে পাওয়ার অধিকারী, আমাকে তাহা অপেক্ষা বেশী পরিমাণে অবসরভাতা/ এককালীন থোক টাকা প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ পারিবারিক অবসরভাতা/ নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরত দিতে বাধ্য থাকিব/ থাকিবে।

তারিখঃ .............

আপনার অনুগত

.............................................

আবেদনকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

<u>সংযুক্তি ঃ</u>

| | | |
|---|---|---|
| ১। | নন-গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বহি/ গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকুরির বিবরণী- | ১ কপি। |
| ২। | অবসর পরবর্তী ছুটিতে গমনের মঞ্জুরীপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | ১ কপি। |
| ৩। | প্রত্যাশিত শেষ বেতনপত্র/ শেষ বেতনপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) | ১ কপি। |
| ৪। | সত্যায়িত ছবি | ৪ কপি। |
| ৫। | প্রাপ্তব্য অবসর ভাতার বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র | ৩ কপি। |
| ৬। | নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ | ৩ কপি। |
| ৭। | না-দাবী প্রত্যায়নপত্র | ১ কপি। |
| ৮। | উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (কর্মচারীর/ আবেদনকারীর মৃত্যু হইলে) | ৩ কপি। |
| ৯। | অভিভাবক মনোনয়ন এবং অবসরভাতা ও এককালীন থোক টাকা উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ (কর্মচারীর/ আবেদনকারীর মৃত্যু হইলে) | ৩ কপি। |
| ১০। | চিকিৎসক/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র (কর্মচারীর/ আবেদনকারীর মৃত্যু হইলে) | ১ কপি। |
| ১১। | পিপিও এবং ডি-হাফ (অবসরভাতা ভোগরত অবস্থায় মৃত্যু হইলে) | ১ কপি। |

**নির্দেশাবলী**

*১। আবেদনকারী অবসর পরবর্তী ছুটিতে যাওয়ার কমপক্ষে **১০** (দশ) মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া **৩** (তিন) কপি তাঁহার অফিস প্রধানের নিকট দাখিল করিবেন। অবসর পরবর্তী ছুটি ভোগ করিতে না চাহিলে অবসর গ্রহণ করার কমপক্ষে **১২** (বার) মাস পূর্বে দাখিল করিবেন।*

*২। অফিস প্রধান প্রয়োজনীয় তথ্যাদি যাচাই-বাছাই ও হিসাব-নিকাশের জন্য আবেদনপত্রটি হিসাব শাখায় প্রেরণ করিবেন।*

*৩। অফিস প্রধান হিসাব শাখা কর্তৃক পূরণকৃত ফরম সংগ্রহ করিয়া না-দাবী প্রত্যায়নপত্র ও মন্তব্য/ সুপারিশসহ 'ঘ' অংশ পূরণ করিয়া ২ (দুই) কপি ফরম যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।*

*৪। যথাযথ কর্তৃপক্ষ না-দাবী প্রত্যায়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় তফসিলের তৃতীয় ভাগের 'ক' অংশ পূরণ করিবেন। তিনি অবসর ভাতা ও এককালীন থোক টাকা মঞ্জুরীর আদেশ দিবেন এবং অবসরভাতা পরিশোধ আদেশ জারীর জন্য মঞ্জুরী আদেশসহ **১** (এক) কপি ফরম সংশ্লিষ্ট হিসাব শাখায় প্রেরণ করিবেন।*

*৫। হিসাব শাখা শেষ বেতনপত্র, না-দাবী প্রত্যায়নপত্র ও মঞ্জুরীর আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষান্তে অবসরভাতা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি সংরক্ষণ করিবেন।*

*৬। সঠিক তথ্যের অভাবে অবসরভাতা নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সে জন্য ফরমের যে কোন স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কাটিয়া দিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে/ সংযোজন করিতে হইবে।*

**তফসিল-৩**
**[প্রবিধান ২৬(১)]**
**প্রথম ভাগ**
**‘খ’ অংশ**

*(কর্মচারীর বা আবেদনকারীর নমুনা স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ)*

আবেদনপত্রের ‘ক’ অংশে উল্লিখিত অবসরভাতা বা এককালীন থোক টাকা সুবিধাদি গ্রহণের উদ্দেশ্যে আমি এতদ্বারা আমার নমুনা স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ নিম্নে প্রদান করিলাম ঃ

**নমুনা স্বাক্ষর**

| ক্রমিক নং | নাম | পূর্ণ স্বাক্ষর | সংক্ষিপ্ত স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

আঙ্গুলের ছাপ

| বৃদ্ধাঙ্গুলি | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|
| | | | | |

**কর্মচারীর বা আবেদনকারীর স্বাক্ষর**
**নাম** :
তারিখ :

**প্রত্যয়ন করা যাইতেছে যে, আবেদনকারী আমার সম্মুখে নমুনা স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ প্রদান করিয়াছেন যাহা সত্যায়ন করা হইল।**

..........................................
সত্যায়নকারীর নাম, স্বাক্ষর ও
সীলমোহর

তারিখ ..................................................

**তফসিল-৩**
**দ্বিতীয় ভাগ**
**‘ক’ অংশ**
**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

*আবেদনকারীর চাকুরি সংক্রান্ত তথ্যাদি*

***হিসাব শাখা নিম্নের ‘ক’ হইতে ‘গ’ অংশ পূরণ করিবেন***

| | | |
|---|---|---|
| ১। | কর্মচারীর নাম | |
| ২। | পিতার নাম | |
| ৩। | মাতার নাম | |
| ৪। | স্বামী/ স্ত্রীর নাম (একাধিক স্ত্রী থাকিলে তাহাদের নাম) | |
| ৫। | জাতীয় পরিচয় পত্র নং | |
| ৬। | জাতীয়তা | |
| ৭। | কর্মচারীর সহিত ডাকযোগে যোগাযোগের ঠিকানা | |
| ৮। | অবসরভাতা প্রাপ্য হইবার অব্যবহিত পূর্বে কর্মচারীর পদের নাম | |
| ৯। | জন্ম তারিখ | |
| ১০। | সনাক্তকরণ চিহ্ন | |
| ১১। | চাকুরিতে যোগদানের তারিখ | |
| ১২। | অবসরভাতা প্রাপ্যতার তারিখ | |
| ১৩। | আবেদনপত্র দাখিলের তারিখ | |
| ১৪। | গণনাযোগ্য চাকুরিকাল | |
| ১৫। | কর্মচারীর বয়স ৫৯ (ঊনষাট) বৎসর পূর্ণ হওয়া/ চাকুরীর ২৫ (পঁচিশ) বৎসর পূর্তিতে স্বেচ্ছায় অবসর গ্রহণ/ কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান/ বিভাগীয় মামলায় ইনস্টিটিউট কর্তৃক অবসর প্রদান এর ক্ষেত্রে অবসর কার্যকর হওয়ার তারিখ | |
| ১৬। | ক্ষতিপূরণমূলক অবসরভাতা/ অক্ষমতাজনিত অবসর ভাতা/ পরিবারের জন্য অবসরভাতা এর ক্ষেত্রে যে তারিখ হইতে উক্ত ভাতা প্রাপ্য হইয়াছে (অপ্রযোজ্যটি কর্তন করুন) | |
| ১৭। | প্রার্থিত অবসরভাতা অন্যবিধ সুবিধার ধরণ | |
| ১৮। | সর্বশেষ প্রাপ্ত মূল বেতন | |
| ১৯। | প্রার্থিত মাসিক অবসরভাতার মোট পরিমাণ | |
| ২০। | প্রস্তাবিত সমর্পণের পরিমাণ | |
| ২১। | প্রাপ্য নীট অবসরভাতার পরিমাণ | |
| ২২। | অর্জিত ছুটি নগদায়নের ক্ষেত্রে, প্রাপ্য ছুটির পরিমাণ | |
| ২৩। | যে তারিখে অবসরভাতা প্রদেয় হইয়াছে বা হইবে | |

**তফসিল-৩**
**দ্বিতীয় ভাগ**
**'খ' অংশ**
**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

**গণনাযোগ্য চাকুরির হিসাব**

| নং | চাকুরী, ছুটি, ইত্যাদির বর্ণনা | হইতে | পর্যন্ত | সময়কাল | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | বছর | মাস | দিন |
| (ক) | **চাকুরির মোট সময়কাল ঃ** | | | | | |
| | চাকুরির মোট সময়কাল (বিরতি এবং অগণনাযোগ্য চাকুরিকাল, যদি থাকে, উহাসহ) | | | | | |
| (খ) | **অগণনাযোগ্য চাকুরি ঃ** | | | | | |
| | (১) ১৮ (আঠার) বৎসর পূর্বের চাকুরি | | | | | |
| | (২) অসাধারণ ছুটি | | | | | |
| | (৩) কর্মরত বা ছুটি হিসাবে গণ্য হয় নাই এইরূপ সাময়িকভাবে বরখাস্ত থাকার সময়কাল (যদি থাকে) | | | | | |
| | (৪) চাকুরিকালে কোন বিরতি থাকিলে উহার সময়কাল | | | | | |
| | (৫) বিরতি মার্জনা না করা হইলে বিরতির পূর্ববর্তী চাকুরিকাল | | | | | |
| | (৬) ইস্তফাদানের ফলে বাজেয়াপ্তকৃত চাকুরিকাল | | | | | |
| | (৭) অননুমোদিত অনুপস্থিতি | | | | | |
| | | | | | | |
| | | | **মোট অগণনাযোগ্য চাকুরি =** | | | |
| (গ) | **নীট চাকুরিকাল (ক-খ)** | | | | | |
| (ঘ) | **অন্যান্য গণনাযোগ্য চাকুরি (যা প্রয়োজনীয় ক্ষেত্রে যোগ করিতে হইবে)** | | | | | |
| | (১) অবসরভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য সামরিক ও যুদ্ধকালীন চাকুরি | | | | | |
| | (২) চাকুরি ঘাটতিজনিত মওকুফকৃত সময়কাল | | | | | |
| | (৩) অবসরভাতার জন্য গণ্য হওয়ার যোগ্য অন্য যে কোন চাকুরিকাল | | | | | |
| (ঙ) | **মোট গণনাযোগ্য চাকুরি (গ+ঘ)** | | | | | |

**তফসিল-৩**
**দ্বিতীয় ভাগ**
**‘গ’ অংশ**
**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

**অবসরভাতা ও এককালীন থোক টাকার হিসাব**

| | | |
|---|---|---|
| ১। | অবসরের তারিখে শেষ মাসিক গৃহীতব্য বেতন (ই.এল.পি.সি. অনুযায়ী) | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ২। | অবসরভাতার হার (%) | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৩। | মোট অবসরভাতার পরিমাণ | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৪। | মোট অবসরভাতার অর্ধাংশ (১/২) | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৫। | এককালীন থোক টাকার মোট অবসরভাতার প্রথম অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৬। | অবসরভাতার প্রথম অর্ধাংশের বিনিময়ে থোক প্রাপ্য এককালীন থোক টাকা | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৭। | (ক) নীট মাসিক অবসরভাতার পরিমাণ | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| | (খ) নীট মাসিক অবসরভাতার পরিবর্তে এককালীন থোক টাকার জন্য দ্বিতীয় অর্ধাংশের বিনিময় হার (প্রতি এক টাকার পরিবর্তে) | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| | (গ) নীট মাসিক অবসরভাতার বিনিময়ে প্রাপ্য এককালীন থোক টাকা | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৮। | (ক) মোট এককালীন থোক টাকা | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| | (খ) মোট মাসিক অবসরভাতা | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |

...................
হিসাব রক্ষক

..................................................
সহকারী পরিচালক (হিসাব)-এর স্বাক্ষর

**তফসিল-৩**
**দ্বিতীয় ভাগ**
**‘ঘ’ অংশ**
**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

**প্রশাসন শাখা পূরণ করিবে**

হিসাব শাখা কর্তৃক আবেদনকারীর অবসরভাতা, এককালীন থোক টাকা, ছুটির নগদায়ন ইত্যাদি হিসাব ও এই সংক্রান্ত প্রদত্ত যাবতীয় তথ্যাদি পর্যালোচনা করিয়া সঠিক পাওয়া গেল। আমরা নিম্ন স্বাক্ষরকারী এ বিষয়ে সম্পূর্ণ একমত পোষণ করিলাম।

১। গণনাযোগ্য চাকুরি গণনার ক্ষেত্রে হিসাব শাখার সহিত দ্বিমত পোষণের সংক্ষিপ্ত কারণ (যদি থাকে)

২। অবসরভাতা/ এককালীন থোক টাকার পরিমাণ সম্পর্কে হিসাব শাখার সহিত দ্বিমত পোষণের সংক্ষিপ্ত কারণ (যদি থাকে)

৩। আবেদনকারীর নিকট নিম্নবর্ণিত বিষয় ব্যতিত অন্য কোন পাওনা নাই—

(ক) ..........................................................................................................................

(খ) ..........................................................................................................................

৪। **সুপারিশ ঃ**

..................................................
সহকারী পরিচালক (প্রশাসন)-এর স্বাক্ষর

.........................................
পরিচালক (প্রশাসন)-এর স্বাক্ষর

**তফসিল-৩**
**দ্বিতীয় ভাগ**
**‘ঙ’ অংশ**
**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

**অফিস প্রধানের আদেশ**

নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম ................................. এর চাকুরি সম্পূর্ণভাবে সন্তোষজনক। পূর্ণ অবসরভাতা এবং/ বা এককালীন থোক টাকার মঞ্জুরী, যাহা অবসরভাতার বিধি মোতাবেক প্রাপ্য তাহা এতদ্‌দ্বারা অনুমোদন করা হইল।

অথবা

নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম .............................. এর চাকুরি সম্পূর্ণভাবে সন্তোষজনক নহে এবং ইহা স্থির করা হইয়াছে যে, উক্ত চাকুরের অবসরভাতা ও এককালীন থোক টাকা নিম্নরূপ পরিমাণে হ্রাস করা হইল ঃ

| | | |
|---|---|---|
| ১। | অবসরভাতা হ্রাসের পরিমাণ | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ২। | এককালীন থোক টাকা হ্রাসের পরিমাণ | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৩। | এইরূপ হ্রাসের পর প্রাপ্য অবসরভাতা | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৪। | এইরূপ হ্রাসের পর প্রাপ্য এককালীন থোক টাকা | টাকা (অংকে) ঃ<br>টাকা (কথায়) ঃ |
| ৫। | এইরূপ হ্রাসকৃত অবসরভাতা এবং/ বা এককালীন থোক টাকার মঞ্জুরী এতদ্বারা অনুমোদন করা হইল। | |

অথবা

নিম্নস্বাক্ষরকারী নিশ্চিত যে, জনাব/ বেগম .............................. এর পেনশন কেইসের “না-দাবী প্রত্যায়নপত্র” অথবা অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করা সম্ভব না হওয়ায় উক্ত চাকুরের প্রাপ্য এককালীন থোক টাকার শতকরা ৮০ (আশি) ভাগ এবং প্রাপ্য পূর্ণ নীট অবসরভাতা সাময়িকভাবে এতদ্বারা অনুমোদিত করা হইল।

প্রচলিত নিয়মানুযায়ী এককালীন থোক টাকা এবং ..................................................................... তারিখ হইতে অবসরভাতা পরিশোধ করা যাইতে পারে।

ইনস্টিটিউট/ সোনালী ব্যাংক লিঃ-এর যে শাখা হইতে অবসরভাতা বা এককালীন থোক টাকা বা অন্যান্য সুবিধাদির টাকা পাইতে আগ্রহী তাহার নাম, শাখার নাম, পূর্ণ ঠিকানা ও হিসাব নম্বর—

(ক) ইনস্টিটিউট ঃ
(খ) ব্যাংকের নাম ঃ
(১) শাখার নাম ঃ
(২) পূর্ণ ঠিকানা ঃ
(৩) হিসাব নম্বর ঃ

আবেদনকারীর অবর্তমানে আবেদনকারীর মনোনীত ব্যক্তি বৈধ উত্তরাধিকারীগণ অবসরভাতা সুবিধা পাইতে পারেন।

.............................
অফিস প্রধানের স্বাক্ষর

**তফসিল-৩**
**তৃতীয় ভাগ**
**'ক' অংশ**
**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

*(অবসরভাতা, ইত্যাদি প্রদানে যথাযথ কর্তৃপক্ষের আদেশ)*

নম্বর ...................... তারিখ ঃ ..................ইংরেজী।
বাংলা।

প্রতি ঃ

| অবসর ভাতার শ্রেণী ও উহা মঞ্জুরীর আদেশের তারিখ | গ্রহণকারীর ব্যক্তিগত সনাক্তকরণ চিহ্ন | উচ্চতা | | জন্ম তারিখ | গ্রহণকারীর ঠিকানা | প্রদেয় মাসিক অবসর ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| | | মিটার | সেন্টিমিটার | | | |
| | | | | | | |

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এতদ্বারা জনাব/ বেগম ............................................-এর অবসর গ্রহণের প্রেক্ষিতে ঃ

(ক) নীট অবসরভাতা হিসাবে ............ টাকা মঞ্জুর করা হইল। উক্ত অবসরভাতা প্রতি মাস শেষ হইবার পর তাহাকে/ মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি জনাব/ বেগম ..........................-কে প্রদানযোগ্য হইবে।

(খ) .................. টাকা সমর্পণের বিপরীতে এককালীন থোক টাকা ...................... মঞ্জুর করা হইল, যাহা এককালীন তাহাকে/ মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি জনাব/ বেগম ..........................................-কে প্রদানযোগ্য হইবে।

....................................................
যথাযথ কর্তৃপক্ষের নাম, স্বাক্ষর ও সীল

**তফসিল-৩**

**তৃতীয় ভাগ**

**'খ' অংশ**

**[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]**

**হিসাব শাখা পূরণ করিবে**

১। নিরীক্ষান্তে অনুমোদনযোগ্য এবং গণনাযোগ্য চাকুরির পরিমাণ ঃ ..........................................................

২। নিরীক্ষান্তে অনুমোদনযোগ্য—

(ক) অবসরভাতার পরিমাণ ..........................................................................................................

(খ) এককালীন থোক টাকার পরিমাণ ...........................................................................................

(গ) অর্জিত ছুটি নগদায়নের পরিমাণ ............................................................................................

৩। অবসরভাতা প্রাপ্যতা শুরু হইবার তারিখ ঃ ...............................................................................

৪। অবসরভাতা/ এককালীন থোক টাকা মঞ্জুরের স্মারক নং- ................................., তারিখ- ........................

৫। অর্জিত ছুটি নগদায়নের মঞ্জুরের স্মারক নং- .................................................., তারিখ- ........................

৬। অবসরভাতা পরিশোধ আদেশ (পিপিও নম্বর ........................... তারিখ ...............................)

................................................
সহকারী পরিচালক (হিসাব)-এর স্বাক্ষর

**তফসিল-৩**

**চতুর্থ ভাগ**

**[প্রবিধান ২৬(৩) দ্রষ্টব্য]**

**বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্মকর্তা/ কর্মচারী অবসরভাতা বহি**

| ছবি |
|---|

১। অবসরপ্রাপ্ত কর্মচারীর নাম ও সর্বশেষ পদ ..........................................................................................

২। অবসরভাতা গ্রহণকারীর নাম ...........................................................................................................

৩। কর্মচারী বা অবসরভাতা গ্রহণকারীর ঠিকানা .........................................................................................

| অবসরভাতা প্রাপ্যতা ও অনুমোদনের তারিখ | জন্ম তারিখ | অবসরভাতার প্রকৃতি | মাসিক মোট অবসর ভাতার পরিমাণ |
|---|---|---|---|
| | | | |

সূত্র নং .....................................

তারিখ ....................................

**পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত নিম্নবর্ণিত**
**ব্যক্তিকে নিম্নবর্ণিতভাবে প্রদান করুন।**

জনাব/ বেগম ....................................... নীট অবসরভাতা...................... টাকা (কথায়) .................................................

টাকা যাহা প্রত্যেক মাস শেষ হইবার পর পরিশোধযোগ্য এবং সমর্পিত অবসরভাতার বিপরীতে এককালীন .................................. টাকা থোক টাকা প্রদান করুন।

............................................
যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
এর আদেশক্রমে,

**ড. মোঃ আখতারুজ্জামান**
পরিচালক (প্রশাসন)
(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)।

**জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, পটুয়াখালী**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ নভেম্বর ২০১৪

**নং জেপ্রাশিঅ/পটুয়া/উ.শি.কমিটি-২০৪/২০১৪/১৬৪৩(২১)**—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৩-০৪-২০১০ তারিখের প্রাগম/বিদ্যা-২-১৬(ম্যানেজিং কমিটি)-১/০৯-১৮৭ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনোনয়নের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সমন্বয়ে পটুয়াখালী জেলার দশমিনা উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি গঠন করা হলো ঃ

**উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| (১) | সংসদ সদস্য-১১৩, পটুয়াখালী-৩ (পদাধিকার বলে) | উপদেষ্টা। |
| (২) | উপজেলা পরিষদ চেয়ারম্যান, দশমিনা, পটুয়াখালী (পদাধিকার বলে) | চেয়ারম্যান |
| (৩) | উপজেলা নির্বাহী অফিসার, দশমিনা, পটুয়াখালী (পদাধিকার বলে) | নির্বাহী ভাইস-চেয়ারম্যান |
| (৪) | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান (পদাধিকার বলে) | ভাইস চেয়ারম্যান |
| (৫) | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান (পদাধিকার বলে) | ভাইস চেয়ারম্যান |
| (৬) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দশমিনা, পটুয়াখালী (পদাধিকার বলে) | সদস্য |
| (৭) | উপজেলা প্রকৌশলী, দশমিনা, পটুয়াখালী (পদাধিকার বলে) | সদস্য |
| (৮) | জনাব মশিউর রহমান ঝন্টু, চেয়ারম্যান, বেতাগী সানকিপুর ইউপি, দশমিনা, পটুয়াখালী | সদস্য |
| (৯) | জনাব কাজী আনোয়ার হোসেন, প্রধান শিক্ষক, বাংলাবাজার বালিকা মাধ্যঃ বিঃ, দশমিনা, পটুয়াখালী | সদস্য |
| (১০) | জনাব জ্ঞান রঞ্জণ রায়, দশমিনা, পটুয়াখালী, শিক্ষানুরাগী (পুরুষ) | সদস্য |
| (১১) | জনাব কেয়া বেগম, সহকারি শিক্ষক, দশমিনা মাধ্যমিক বিঃ, দশমিনা, পটুয়াখালী, শিক্ষানুরাগী (মহিলা) | সদস্য |
| (১২) | জনাব মোঃ জামাল হোসেন, সভাপতি, মধ্য খলিশাখালী সপ্রাবি, দশমিনা, পটুয়াখালী | সদস্য |
| (১৩) | জনাব সামচুন্নাহার ডলি, প্রধান শিক্ষক, মধ্য বেতাগী সপ্রাবি, দশমিনা, পটুয়াখালী | সদস্য |
| (১৪) | উপজেলা শিক্ষা অফিসার, দশমিনা, পটুয়াখালী (পদাধিকার বলে) | সদস্য-সচিব |

প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কমিটির মেয়াদকাল ০৩ (তিন) বছর পর্যন্ত বহাল থাকবে।

**মোঃ আতাউর রহমান**
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**এল.এ.কেস নং ৩২/৬২-৬৩**

**ঘোষণা**

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৪

সড়ক ও জনপথ, বিভাগ, ময়মনসিংহ এর জন্য ইটভাটা স্থাপনকল্পে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন কাজিয়াকান্দা মৌজায় ৭.৫৫ একর জমি ৩২/৬২-৬৩ নং এল,এ, কেসে অধিগ্রহণ করা হয়।

সহকারী কমিশনার (ভূমি), ফুলপুর, ময়মনসিংহ কর্তৃক অধিগ্রহণকৃত উক্ত সম্পত্তি সরেজমিনে তদন্ত করে ২৯-৫-২০১৪ তারিখের ৩১.৩০.৬১৮১.১৪৭.০১.০০১.১৪-৩৩০ নং স্মারক পত্রে জানান যে, অধিগ্রহণকৃত ভূমি বহু বৎসর পূর্ব হতে ইট প্রস্তুত না করে অব্যহৃত অবস্থায় রাখা আছে।

পরবর্তীতে জেলা প্রশাসক, ময়মনসিংহ কর্তৃক ০৯-০৬-২০১৪ তারিখের ৩১.৩০.৬১০০.০২৫.৬০.০২০.১৩-১৭৪ নং এল, এ স্মারকে উক্ত সম্পত্তি কেন রিজিউম করে খাসে আনয়ন করা হবে না তৎমর্মে ১৫ (পনের) দিনের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, বিভাগ, ময়মনসিংহ-কে অনুরোধ করা হলে সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ কোনরূপ ব্যাখ্যা প্রদান করেননি।

অধিগ্রহণকৃত জমি দীর্ঘদিন অব্যবহৃত অবস্থায় থাকায় এবং যে উদ্দেশ্যে অধিগ্রহণ করা হয় সে উদ্দেশ্য বাস্তবায়নের আর কোন সুযোগ না থাকায় জেলা রিজিউম কমিটির ২০-০৮-২০১৪ তারিখের সভায় এল.এ.কেস নং ৩২/৬২-৬৩ মূলে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন কাজিয়াকান্দা মৌজার অধিগ্রহণকৃত অব্যবহৃত ৭.৫৫ একর জমি রিজিউম করে খাস খতিয়ানে আনয়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা রিজিউম কমিটির সিদ্ধান্ত এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ এর ৭৮ অনুচ্ছেদ, এবং ভূমি মন্ত্রণালয়ের ১৭-০৫-১৯৯০ তারিখের ভূঃমঃশা-১০/হুঃদঃ/সাধারণ-২০/৮৮/৩৭০(৬৪)-একুইন নং স্মারক ও ভূমি মন্ত্রণালয়ের ০৯-১০-২০০৩ তারিখের ভূঃমঃ/শা-১০/ সাধারণ ০২/২০০৩(অংশ-১)৬১৮/(৬৪) নং স্মারকের নির্দেশনা মোতাবেক নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ২১-০৯-২০১৪ তারিখ হতে রিজিউম (পুনঃগ্রহণ) করা হলো। উক্ত সম্পত্তি সরকারি খাস সম্পত্তি হিসেবে পরিগণিত হবে।

**তফসিল**

জেলা ময়মনসিংহ, উপজেলা ফুলপুর, জে. এল. নং ৯২ মৌজা কাজিয়াকান্দা।

| দাগ নম্বর (সি, এস) | পুনঃ গ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ২২৮ পূর্ণ | ১.০৩ |
| ২২৯ ,, | ০.৩৬ |
| ২৩০ , | ০.৬২ |
| ২৩১ ,, | ০.৫১ |
| ২৩২ ,, | ০.৫০ |
| ২৩৩ ,, | ০.২৭ |
| ২৩৪ ,, | ১.৮৫ |
| ২৩৫ ,, | ১.০৫ |
| ২৩৬ ,, | ০.৫১ |
| ২৩৭ ,, | ০.৪৫ |
| ২৪৯ ,, | ০.৩৪ |
| ২৫১ আংশিক | ০.০৬ |

সর্বমোট=৭.৫৫ একর

**মুস্তাকীম বিল্লাহ ফারুকী**
জেলা প্রশাসক।